



RESILIENT HOMESTEAD AND LIVELIHOOD SUPPORT TO THE VULNERABLE COASTAL PEOPLE OF BANGLADESH (RHL) PROJECT

এর পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা গাইডলাইন



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)
আগস্ট ২০২৫

RHL প্রকল্পের পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা গাইডলাইন

উপদেশক:

ড. ফজলে রাব্বি ছাদেক আহমাদ

ড. এ.কে.এম. নুরুজ্জামান

সম্পাদক:

মোঃ আবু নাসির খান

এ. এস. এম. ইমরুল কায়েস

প্রকাশক:

পরিবেশ ও জলবায়ু পরিবর্তন ইউনিট, পিকেএসএফ

অর্থায়নে:


গ্রিন ক্লাইমেট ফান্ড (GCF)

প্রকাশকাল:

আগস্ট ২০২৫

মুদ্রণে:

ফার্নাডেল



মুখবন্ধ

বাংলাদেশ বিশ্বের অন্যতম জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশ। ভৌগোলিক অবস্থান, নিম্ন উচ্চতা, এবং ঘনবসতির কারণে দেশটি নিয়মিতভাবে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত হওয়ার পাশাপাশি জলবায়ু পরিবর্তনজনিত বিপর্যয় যেমন: ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, বন্যা ও লবণাক্ততা প্রভৃতি দুর্যোগের সম্মুখীন হয়। উপকূলীয় অঞ্চল, যা ৭১০ কিলোমিটার দীর্ঘ উপকূলরেখা বরাবর ১৯টি জেলা নিয়ে গঠিত, জলবায়ু পরিবর্তনের সবচেয়ে তীব্র প্রভাবের মুখে রয়েছে। এ অঞ্চলের অধিকাংশ মানুষ নিম্ন আয়ের, প্রান্তিক কৃষক, মৎস্যজীবী বা চিংড়ি চাষের সাথে জড়িত, যাদের ঘরবাড়ি ও জীবিকা প্রাকৃতিক দুর্যোগে সহজেই ক্ষতিগ্রস্ত হয়। ফলে তারা প্রতি বছর আয়ের একটি বড় অংশ ঘরবাড়ি মেরামত ও জীবিকা পুনর্গঠনে ব্যয় করতে বাধ্য হয়। আইপিসিসি'র ষষ্ঠ মূল্যায়ন প্রতিবেদন (AR6) অনুযায়ী, ২১০০ সালের মধ্যে বৈশ্বিক সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ০.৪৪ থেকে ০.৭৬ মিটার পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। বাংলাদেশের প্রেক্ষাপটে অনুমান করা হয়েছে যে, মাত্র ৪৫ সেন্টিমিটার সমুদ্রপৃষ্ঠ বৃদ্ধি পেলেও দেশের ১০-১৫ শতাংশ ভূমি প্লাবিত হতে পারে, এবং উপকূলীয় অঞ্চল থেকে প্রায় ৩ কোটি ৫০ লাখ মানুষ বাস্তুচ্যুত হবে। এতে উপকূলীয় জনগোষ্ঠীর জন্য টেকসই বসতি, নিরাপদ পানি, ও জলবায়ু সহনশীল জীবিকার প্রয়োজনীয়তা আরও বেড়ে গেছে।

এ প্রেক্ষাপটে, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), গ্রিন ক্লাইমেট ফান্ড (GCF) এর সহায়তায় “Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL)” প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পটি সাতটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ উপকূলীয় জেলা: খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, বরগুনা, পটুয়াখালী, ভোলা ও কক্সবাজারে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মূল লক্ষ্য হলো উপকূলীয় জনগোষ্ঠীর জন্য জলবায়ু সহনশীল বসতবাড়ি ও জীবিকা উন্নয়নের মাধ্যমে টেকসই ও অভিযোজিত জনগোষ্ঠী গড়ে তোলা। এর পাশাপাশি, স্থানীয় জনগণ ও প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধি করা যাতে তারা ভবিষ্যৎ জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় কার্যকর ভূমিকা রাখতে পারে। এই প্রকল্পের আওতায় জলবায়ু সহনশীল বসতবাড়ি নির্মাণ, নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা, লবণাক্ততা-সহনশীল কাঁকড়া চাষ, মাচা পদ্ধতিতে ছাগল ও ভেড়া পালন এবং বৃক্ষরোপণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এসব কার্যক্রম সরাসরি প্রায় ৩.৬২ লক্ষাধিক মানুষকে উপকৃত করবে। GCF-এর পরিবেশগত ও সামাজিক সুরক্ষা (ESS) নীতিমালার আলোকে, RHL প্রকল্পটি ‘Category B’-এর আওতাভুক্ত, যা নির্দেশ করে যে প্রকল্পের কার্যক্রমে মাঝারি মাত্রার পরিবেশগত ও সামাজিক প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে, তবে যথাযথ প্রশমন ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এসব প্রভাব মোকাবেলা করা সম্ভব। মাঠ পর্যায়ে প্রকল্পের টেকসই বাস্তবায়নের স্বার্থে পরিবেশ ও সামাজিক ঝুঁকি চিহ্নিতকরণ, পরিবেশের প্রভাব প্রশমন ও মনিটরিং অত্যন্ত গুরুত্বপূর্ণ। টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০-এর লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ ও সংশ্লিষ্ট আইনসমূহ, নীতিমালা ও বিধিমালা এবং GCF-এর পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামোর নির্দেশনা অনুসারে পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা গাইডলাইনটি প্রস্তুত করা হয়েছে। এর লক্ষ্য হলো প্রকল্প বাস্তবায়নের প্রতিটি ধাপে পরিবেশগত ও সামাজিক ঝুঁকি চিহ্নিত করা, তা প্রশমিত করা এবং টেকসই উন্নয়নের ধারাকে আরও শক্তিশালী করা। এই গাইডলাইনটি মাঠপর্যায়ে বাস্তবায়নকারী সংস্থা ও অংশীদারদের জন্য একটি দিকনির্দেশনা হিসেবে কাজ করবে, যাতে উপকূলীয় জনগণের জন্য একটি নিরাপদ, টেকসই এবং জলবায়ু সহনশীল ভবিষ্যৎ নিশ্চিত করা যায়।

সূচীপত্র

প্রথম অধ্যায়: পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা গাইডলাইনের পরিচিতি

১.০। প্রারম্ভিক আলোচনা	০১
১.১। এক নজরে RHL প্রকল্প	০২
১.৩। পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা	০৩
১.৪। পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা-এর গুরুত্ব	০৩
১.৫। কেন পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা প্রয়োজন	০৩

দ্বিতীয় অধ্যায়: পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামো ও প্রকল্পের শ্রেণিকরণ

২.১। পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামোর সংক্ষিপ্ত পরিচিতি	০৪-০৭
২.২। RHL প্রকল্পের পরিবেশ ও সামাজিক অভিঘাত নিরূপণ এবং শ্রেণিকরণ	০৮-১২
২.৩। RHL প্রকল্পের পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা	১২-১৬

তৃতীয় অধ্যায়: RHL প্রকল্পের কার্যক্রমভিত্তিক পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনার জন্য সাধারণ নির্দেশিকা

৩.১। জলবায়ু পরিবর্তন সহনশীল বসতবাড়ি নির্মাণ	১৭-২৮
৩.২। ছাগল/ভেড়া পালনে মাচা নির্মাণ	২৯-৩২
৩.৩। কাঁকড়া হ্যাচারি উন্নয়ন	৩২-৩৭
৩.৪। কাঁকড়া নার্সারদের কারিগরি ও আর্থিক সহায়তা	৩৭-৪০
৩.৫। কাঁকড়া চাষীদের কারিগরি ও আর্থিক সহায়তা	৪১-৪৪
৩.৬। বসতবাড়িতে সবজি চাষ	৪৪-৪৬
৩.৭। বসতবাড়িতে বনায়ন	৪৬-৪৮
৩.৮। বর্জ্য ও বর্জ্য ব্যবস্থাপনা	৪৯-৫২


চতুর্থ অধ্যায়: সামাজিক ব্যবস্থাপনা এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRM)

৪.১। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী অন্তর্ভুক্তিকরণ ও পরিকল্পনা	৫৩-৫৬
৪.২। লিঙ্গ বৈষম্য এবং যৌন নিপীড়ন, নির্যাতন এবং হয়রানি (SEAH) প্রতিকার পরিকল্পনা	৫৭-৫৮
৪.৩। ষ্টেকহোল্ডার অন্তর্ভুক্তি পরিকল্পনা (SEP)	৫৮-৫৯
৪.৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRM)	৬০-৬২

সূচীপত্র

পঞ্চম অধ্যায়: প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি

৫.১। প্রশিক্ষণ	৬৩
৫.২। পরিবেশ দূষণ, প্রভাব ও তার প্রতিকার সম্পর্কে ধারণা	৬৩-৬৫
৫.৩। শ্রম, কাজের অবস্থা, পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা সম্পর্কিত সাধারণ নির্দেশিকা	৬৫-৬৭
৫.৪। জীববৈচিত্র্য সংরক্ষণ	৬৭-৬৮
৫.৫। দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা	৬৮-৬৯
৫.৬। RHL-প্রকল্পের পরিবেশগত ও সামাজিক প্রভাব পরিবীক্ষণ	৬৯-৭০
পরিশিষ্ট	
পরিশিষ্ট-০১: পরিবেশগত ও সামাজিক প্রভাব মূল্যায়ন চেকলিষ্ট	৭১-৭৫
পরিশিষ্ট-০২: সুনির্দিষ্ট পরিবেশগত এবং সামাজিক প্রভাবসমূহ	৭৬-৭৭
পরিশিষ্ট-০৩: অভিযোগ নিবন্ধন ও নিষ্পত্তি ফরম	৭৮
পরিশিষ্ট-০৪: অভিযোগ নিষ্পত্তি রেজিস্ট্রার	৭৯
পরিশিষ্ট-০৫: মুক্ত, পূর্ব এবং অবহিত সম্মতি (FPIC) ফরম	৮০-৮২
পরিশিষ্ট-০৬: নিষিদ্ধ রাসায়নিকের তালিকা	৮৩-৮৮



সংক্ষিপ্তরূপ

RHL	Resilient Homestead and Livelihood support to the vulnerable coastal people of Bangladesh Project
CCAG	Climate Change Adaptation Group (জলবায়ু পরিবর্তন অভিযোজন দল)
ESMF	Environmental and Social Management Framework (পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামো)
ESIA	Environmental and Social Impact Assessment (পরিবেশগত ও সামাজিক প্রভাব মূল্যায়ন)
ESAP	Environmental and Social Action Plan (পরিবেশগত ও সামাজিক কর্মপরিকল্পনা)
ESMP	Environmental and Social Management Plan (পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা)
ESS	Environmental and Social Safeguards (পরিবেশগত ও সামাজিক সুরক্ষা / মানদণ্ড)
FPIC	Free, Prior, Informed Consent (মুক্ত, পূর্ব এবং অবহিত সম্মতি)
GCF	Green Climate Fund (গ্রিন ক্লাইমেট ফান্ড)
GoB	Government of Bangladesh (বাংলাদেশ সরকার)
TPP	Tribal People Plan (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিকল্পনা)
KII	Key Informant Interview (মূল তথ্যদাতার সাক্ষাৎকার)
IE	Implementing Entity (বাস্তবায়নকারী সংস্থা)
PKSF	Palli Karma-Sahayak Foundation (পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন)
UNDP	United Nation Development Program (জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি)
BMD	Bangladesh Meteorological Department (বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর)
SOD	Standing Orders on Disaster (দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ)
CPP	Cyclone Preparedness Programme (ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি)
PRA	Participatory Rural Appraisal (অংশগ্রহণমূলক গ্রামীণ মূল্যায়ন)
PMU	Project Management Unit (প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট)
RWHS	Rain Water Harvesting System (বৃষ্টির পানি সংগ্রহের ব্যবস্থা)
SEAH	Sexual Exploitations, Abuse and Harassment (যৌন নিপীড়ন, নির্যাতন এবং হয়রানি)
GRM	Grievance Redress Mechanism (অভিযোগ প্রতিকার ব্যবস্থা)
LGR	Local Grievance Redress (স্থানীয় অভিযোগ প্রতিকার)
CGR	Central Grievance Redress (কেন্দ্রীয় অভিযোগ প্রতিকার)
PPE	Personal Protective Equipment (ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম)
SEP	Stakeholder Engagement Plan (স্টেকহোল্ডার সম্পৃক্তকরণ পরিকল্পনা)
IEE	Initial Environmental Examination (প্রাথমিক পরিবেশগত পরীক্ষা)
OHS	Occupational Health and Safety (পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা)

প্রথম অধ্যায়

পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা গাইডলাইনের পরিচিতি

১.০। প্রারম্ভিক আলোচনা:

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), Green Climate Fund (GCF) এর Direct Access Entity (DAE) হিসেবে বাংলাদেশের উপকূলীয় ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর অভিযোজন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে GCF-এর আর্থিক সহযোগিতায় “Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL)” প্রকল্পটি বাস্তবায়ন করছে। পাঁচ বছর মেয়াদী প্রকল্পটির মোট বরাদ্দ ৪৯.৯ মিলিয়ন মার্কিন ডলার, যেখানে GCF-এর অনুদান ৪২.২ মিলিয়ন মার্কিন ডলার এবং পিকেএসএফ-এর সহ-অর্থায়ন (ঋণ) ৭.৭ মিলিয়ন মার্কিন ডলার। ভৌগলিক অবস্থান, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি, দুর্যোগ প্রবণতা প্রভৃতি বিষয়গুলোর উপর ভিত্তি করে RHL প্রকল্পটি বাংলাদেশের সাতটি উপকূলীয় জেলা- খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালী, বরগুনা, ভোলা ও কক্সবাজার জেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মাধ্যমে প্রত্যক্ষভাবে তিন লক্ষ বাষাট্টি হাজার চারশত পঁচাত্তর জন (৩৬২,৪৭৫) এবং পরোক্ষভাবে সাত লক্ষ সত্তর হাজার পঞ্চাশ জন (৭৭০,০৫০) মানুষ উপকৃত হবে। প্রকল্পটি জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ সহনশীল বসতবাড়ি এবং জীবিকা উন্নয়নের মাধ্যমে জনগোষ্ঠীর অভিযোজন দক্ষতা ও জীবন-মান উন্নয়নে কাজ করবে। প্রকল্পের উল্লেখযোগ্য কার্যক্রমগুলোর মধ্যে রয়েছে- দুর্যোগ সহনশীল বসতবাড়ি নির্মাণ, বসতবাড়িতে বৃক্ষরোপন, ছাগল/ভেড়া পালনে মাচা নির্মাণ, বসতবাড়ি এলাকায় লবণাক্ত সহনশীল সবজি চাষ, কাঁকড়া হ্যাচারি, নার্সারী ও কাঁকড়া মোটাতাজাকরণে আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহায়তা প্রদান।

প্রকল্পের মাধ্যমে লক্ষিত জনগোষ্ঠী তাদের জীবন ও জীবিকার ওপর জলবায়ু পরিবর্তনের প্রভাব চিহ্নিত করতে সক্ষম হবে এবং 'জলবায়ু পরিবর্তন অভিযোজন দল (সিসিএজি)' এর সহায়তায় এসব প্রভাব মোকাবেলার জন্য নিজস্ব প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। GCF-এর পরিবেশগত ও সামাজিক সুরক্ষা (ESS) নীতিমালার আলোকে, RHL প্রকল্পটি 'Category B'-এর আওতাভুক্ত, যা নির্দেশ করে যে প্রকল্পের কার্যক্রমে মাঝারি মাত্রার পরিবেশগত ও সামাজিক প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে, তবে যথাযথ প্রশমন ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এসব প্রভাব মোকাবেলা করা সম্ভব। মাঠ পর্যায়ে প্রকল্পের টেকসই বাস্তবায়নের স্বার্থে পরিবেশ ও সামাজিক ঝুঁকি চিহ্নিতকরণ, পরিবেশের প্রভাব প্রশমন ও মনিটরিং অত্যন্ত গুরুত্বপূর্ণ। টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০-এর লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ ও সংশ্লিষ্ট আইনসমূহ, নীতিমালা ও বিধিমালা এবং GCF-এর পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামোর নির্দেশনা অনুসারে গাইডলাইনটি প্রস্তুত করা হয়েছে।

১.১। এক নজরে RHL প্রকল্প:

প্রকল্পের নাম:

Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL) Project

সংক্ষেপে:

আরএইচএল (RHL) প্রকল্প

প্রকল্পের উদ্দেশ্য:

বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে বসবাসকারী জলবায়ু পরিবর্তনের কারণে সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জীবন ও সম্পদের সুরক্ষা নিশ্চিত করা এবং তাঁদের জন্য টেকসই ও বিকল্প জীবিকার সুযোগ তৈরি করা।

প্রকল্পের মূল কার্যক্রম:

- (১) জলবায়ু পরিবর্তন সহনশীল বাড়ি নির্মাণ, পুনঃনির্মাণ ও বসতভিটা উচ্চকরণ
- (২) কাঁকড়া হ্যাচারি ও নার্সারি স্থাপন এবং জলবায়ু সহনশীল কাঁকড়া চাষ
- (৩) মাচা পদ্ধতিতে ছাগল/ভেড়া পালন
- (৪) লবণাক্ততা সহনশীল সবজি চাষ (বাড়ির আঙিনায়)
- (৫) বসতবাড়ির আঙিনা ও স্থানীয় পর্যায়ে বৃক্ষরোপন

প্রকল্পের অর্থায়নকারী সংস্থার নাম:

Green Climate Fund (GCF)

প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা:

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

প্রকল্প বাস্তবায়ন এলাকা:

উপকূলীয় ৭টি জেলায় মোট ১৮টি সহযোগী সংস্থার মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন

প্রকল্পের মেয়াদ :


৫ বছর (১৭ আগস্ট ২০২৩ - ১৬ আগস্ট ২০২৮)

প্রকল্পের মোট বাজেট:

৫৫০ কোটি টাকা (৫০ মিলিয়ন ইউএস ডলার)

মোট উপকারভোগীর সংখ্যা:

সরাসরি উপকারভোগীর সংখ্যা তিন লক্ষ
বাষট্টি হাজার চারশত পঁচাত্তর জন (৩৬২,৪৭৫)



১.৩। পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা:

পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা বলতে এমন একটি প্রক্রিয়াকে বোঝায়, যার মাধ্যমে কোনো প্রকল্প বা কার্যক্রমের সম্ভাব্য পরিবেশগত ও সামাজিক প্রভাবসমূহ পূর্বনির্ধারিতভাবে চিহ্নিত, মূল্যায়ন ও ব্যবস্থাপনার মাধ্যমে প্রশমিত, হ্রাস বা নিয়ন্ত্রিত করা হয়, যাতে প্রকল্পের টেকসই বাস্তবায়ন নিশ্চিত হয় এবং ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর অধিকারের সুরক্ষা বজায় থাকে। উন্নয়ন প্রকল্পের পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনার ক্ষেত্রে বর্তমান এবং ভবিষ্যৎ প্রজন্মের মানুষের কল্যাণের জন্য প্রকল্পের পরিকল্পনা থেকে বাস্তবায়ন স্তর পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে পরিবেশগত ও সামাজিক বিভিন্ন দিক বিবেচনা করা হয়। এটি শুধুমাত্র প্রকল্পের নেতিবাচক প্রভাব কমানোর জন্য নয় বরং ইতিবাচক সামাজিক ও পরিবেশগত সুযোগ সৃষ্টি করতেও সহায়ক ভূমিকা পালন করে।

১.৪। পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা-এর গুরুত্ব:

পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা একটি প্রকল্প বাস্তবায়নের অপরিহার্য অংশ, যার মাধ্যমে সম্ভাব্য পরিবেশগত ও সামাজিক ঝুঁকি ও প্রভাবসমূহ আগামভাবে চিহ্নিত, বিশ্লেষণ এবং প্রশমিত করা হয়। পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনার মূল উদ্দেশ্য হলো মানব জীবনের গুণগতমান বৃদ্ধি করা এবং প্রকল্প কার্যক্রম যেন পরিবেশের ওপর নেতিবাচক প্রভাব না ফেলে ও সংশ্লিষ্ট জনগোষ্ঠীর অধিকার, নিরাপত্তা ও জীবিকার ক্ষতি না হয় তা নিশ্চিত করা। সঠিকভাবে প্রণীত পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা গাইডলাইন প্রকল্পকে টেকসইভাবে বাস্তবায়ন করতে সহায়তা করে এবং প্রকল্পের প্রতি স্থানীয় জনগণের আস্থা ও অংশগ্রহণ বৃদ্ধি করে। আন্তর্জাতিক দাতা সংস্থা যেমন: বিশ্বব্যাংক (World Bank), গ্রীন ক্লাইমেট ফান্ড (GCF), এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP) তাদের অর্থায়নে পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা বাধ্যতামূলক করে, যাতে প্রকল্পগুলোর প্রভাব অন্তর্ভুক্তিমূলক, পরিবেশবান্ধব ও সামাজিকভাবে গ্রহণযোগ্য হয়। তদুপরি, পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা স্থানীয় ও জাতীয় আইনি কাঠামোর সঙ্গে সামঞ্জস্য রেখে প্রকল্পের সুষ্ঠু পরিচালনা নিশ্চিত করে এবং প্রকল্প সংশ্লিষ্টদের জবাবদিহিতা ও স্বচ্ছতা বজায় রাখতে সহায়ক ভূমিকা পালন করে। এজন্য পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা কেবল একটি নীতিগত শর্ত নয়, বরং একটি দায়িত্বশীল উন্নয়ন প্রক্রিয়ার ভিত্তি।

১.৫। কেন পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা প্রয়োজন:

- প্রকল্পের পরিবেশগত ও সামাজিক প্রভাবসমূহ আগাম চিহ্নিতকরণ ও নিয়ন্ত্রণ করা।
- ঝুঁকি শ্রেণিবিন্যাস, নিরসন ও প্রশমনের কার্যকর পরিকল্পনা প্রস্তুত করা।
- অংশীজনদের আস্থা অর্জন ও স্বচ্ছতা নিশ্চিত করা।
- অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRM) এবং জবাবদিহিতা প্রতিষ্ঠা করা।
- আন্তর্জাতিক ও জাতীয় পরিবেশগত নীতিমালা অনুসরণে সহায়ক হওয়া।
- প্রকল্পের সামাজিক গ্রহণযোগ্যতা ও দীর্ঘমেয়াদি সাফল্য নিশ্চিত করা।

দ্বিতীয় অধ্যায়

পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামো ও প্রকল্পের শ্রেণিকরণ

২.১. পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামোর সংক্ষিপ্ত পরিচিতি:

যে কোনো অর্থনৈতিক কর্মকাণ্ডের টেকসই বিকাশের জন্য এর পরিবেশগত ও সামাজিক প্রভাব নিরূপণ ও ব্যবস্থাপনা অন্যতম গুরুত্বপূর্ণ। এ বিষয়টি উপলব্ধি করে পিকেএসএফ মাঠ পর্যায়ের প্রতিটি কর্মকাণ্ডের টেকসহিতা নিশ্চিত করার লক্ষ্যে ২০১৮ সালে পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামো (Environmental and Social Management Framework - ESMF) প্রস্তুত করেছে। এ কাঠামোর প্রধান উদ্দেশ্য হলো পিকেএসএফ-এর অর্থায়নে পরিচালিত সকল কর্মকাণ্ডের পরিবেশগত ও সামাজিক প্রভাব নিরূপণ করা এবং সংশ্লিষ্ট ক্ষতিকর প্রভাব প্রশমনে যথাযথ কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে কর্মকাণ্ডসমূহের ফলাফলের টেকসহিতা নিশ্চিত করা। পিকেএসএফ-এর পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামো বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট আইন যেমন-‘বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫(সংশোধিত ২০১০)’, ‘পরিবেশের সংরক্ষণ বিধিমালা-২০২৩’, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১; ঝুঁকিপূর্ণ বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১; বাংলাদেশ জীব নিরাপত্তা বিধিমালা, ২০১২; পরিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৬; বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; জাতীয় পরিবেশ নীতি, ২০১৮; শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬; পরিবেশ আদালত আইন, ২০১০; বাংলাদেশ পানি আইন, ২০১৩ ইত্যাদি অনুসরণের সাথে সাথে বিশ্ববাংকের ও GCF-এর পরিবেশগত ও সামাজিক সুরক্ষা (ESS) নীতিমালার সাথে সঙ্গতি রেখে প্রস্তুত করা হয়েছে।

পিকেএসএফ-এর পরিবেশগত ও সামাজিক সুরক্ষা নীতিমালার আলোকে RHL-প্রকল্পের পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামো (ESMF) প্রণয়ন করা হয়েছে। এই কাঠামোর উদ্দেশ্য হলো প্রকল্প কার্যক্রমের সময় সম্ভাব্য পরিবেশগত ও সামাজিক প্রভাবসমূহ চিহ্নিত করে উপযুক্ত ব্যবস্থাপনার মাধ্যমে প্রকল্পের টেকসহিতা নিশ্চিত করা। এ কাঠামোতে পরিবেশগত ও সামাজিক প্রভাব সম্পর্কিত ১০ টি প্রতিপালনীয় বিষয় নির্ধারণ করা হয়েছে। বিষয়গুলো হলো:

১. পরিবেশগত ও সামাজিক অভিঘাত নিরূপণ ও ব্যবস্থাপনা পরিকল্পনা;
২. শ্রমিকদের কাজের পরিবেশ এবং অর্থনৈতিক ও অন্যান্য সুবিধা;
৩. কার্যকরী সম্পদ ব্যবহার, দূষণ রোধ ও ব্যবস্থাপনা;
৪. জনস্বাস্থ্য ও নিরাপত্তা;
৫. ভূমি অধিগ্রহণ, ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ ও বাধ্যতামূলক পুনর্বাসন;
৬. জীব-বৈচিত্র্য সংরক্ষণ এবং টেকসই ব্যবস্থাপনা;
৭. উপজাতি বা স্থানীয় নৃ-গোষ্ঠীর অধিকার সংরক্ষণ;
৮. সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ;
৯. আর্থিক মধ্যস্থতাকারীদের সক্ষমতা বৃদ্ধি এবং
১০. স্টেকহোল্ডার অন্তর্ভুক্তকরণ ও তথ্য প্রকাশ।

উল্লিখিত বিষয়গুলো যথাযথভাবে প্রতিপালন করলে যেকোনো উন্নয়ন কর্মকাণ্ড ও উদ্যোগ টেকসই হবে বলে আশা করা যায়। তবে সকল কর্মকাণ্ডের জন্য এ ১০টি বিষয় আবশ্যিক নয়। কর্মকাণ্ডের ধরন অনুযায়ী প্রতিপালনীয় এ বিষয়গুলো ভিন্ন ভিন্ন হতে পারে। পিকেএসএফ-এর সহযোগী সংস্থার ক্ষেত্রে ১নং বিষয়টি সকল কর্মকাণ্ডের জন্যই আবশ্যিক বিষয় হিসেবে নির্ধারণ করা হয়েছে। এছাড়াও পিকেএসএফ পর্যায়ে ১নং, ২নং এবং ১০নং বিষয়সমূহ আবশ্যিক করা হয়েছে। ৩নং বিষয় থেকে ৯নং বিষয় পর্যন্ত প্রতিপালনীয়সমূহ মূলত ১নং বিষয়ের ফলাফলের ওপর নির্ভর করে। এছাড়া, কর্মকাণ্ডের ধরন, পরিমাণ ও ভৌগোলিক অবস্থান ইত্যাদির ওপর ভিত্তি করে প্রতিপালনীয়সমূহ নির্ধারণ করা হয়।

সরকারের পরিবেশগত ও সামাজিক সুরক্ষা (ESS) নীতিমালার সাথে GCF এবং পিকেএসএফ-এর নীতি এবং মানদণ্ডের মধ্যে সীমিত পার্থক্য রয়েছে। পিকেএসএফ-এর পরিবেশগত ও সামাজিক সুরক্ষা (ESS) নীতিমালা GCF-এর সাথে সামঞ্জস্য রেখে প্রস্তুত করা হয়েছে। GCF-এর নীতিমালায় বেশ কিছু উপাদান রয়েছে যা পিকেএসএফ-এর নীতিমালায় সরাসরি উল্লেখ করা হয়নি যেমন: যৌন নির্যাতন, হয়রানী ও নিপীড়ন (SEAH), জলবায়ু পরিবর্তন ইত্যাদি। তবে, পিকেএসএফ-এর নীতিমালার ESS-১ (পরিবেশ ও সামাজিক অভিঘাত নিরূপণ ও ব্যবস্থাপনা পরিকল্পনা), ESS-২ (শ্রমিকদের কাজের পরিবেশ এবং অর্থনৈতিক ও অন্যান্য সুবিধা) এবং ESS-৩ (কার্যকরী সম্পদ ব্যবহার, দূষণ রোধ ও ব্যবস্থাপনা) -এ এগুলো উল্লেখ করা হয়েছে।

পিকেএসএফ-এর পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামোর প্রতিপালনীয়সমূহ বাস্তবায়নের জন্য নিম্নলিখিত চাহিদাসমূহ পূরণ করা বাঞ্ছনীয়:

ছক-১: পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামোর প্রতিপালনীয়সমূহ

প্রতিপালনীয় বিষয়সমূহ	চাহিদাসমূহ	প্রকল্পের কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্টতা
১। পরিবেশ ও সামাজিক অভিঘাত নিরূপণ ও ব্যবস্থাপনা পরিকল্পনা	পরিবেশগত ও সামাজিক সমস্যা ও সুবিধা সমূহ চিহ্নিতকরণ, কর্মকাণ্ডের পরিবেশগত ও সামাজিক শ্রেণীবিন্যাসকরণ, ঝুঁকি ও অভিঘাত চিহ্নিতকরণ, ঝুঁকি ও অভিঘাত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত, বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং প্রতিবেদন প্রস্তুত।	RHL প্রকল্পের সকল কার্যক্রম (যেমন- দুর্যোগ সহনশীল বসতবাড়ি নির্মাণ, বসতবাড়িতে বৃক্ষরোপন, ছাগল/ভেড়া পালনে মাচা নির্মাণ, বসতবাড়ি এলাকায় লবণাক্ত সহনশীল সবজি চাষ, কাঁকড়া হ্যাচারি, নার্সারী ও কাঁকড়া মোটাতাজাকরণ) এর সাথে বিষয়গুলি নিবিড়ভাবে সম্পর্কিত।

প্রতিপালনীয় বিষয়সমূহ	চাহিদাসমূহ	প্রকল্পের কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্টতা
২। শ্রমিকদের কাজের পরিবেশ এবং অর্থনৈতিক ও অন্যান্য সুবিধা	শ্রমিকদের স্বাস্থ্য ও নিরাপত্তার ব্যবস্থা করা, প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম প্রদান, শ্রমিকদের চিকিৎসার ব্যবস্থা রাখা, শ্রমিকদের অধিকার সংরক্ষণ, বৈষম্যরোধ ও সম-অধিকার নিশ্চিত করা, নারী-পুরুষের সম-শ্রমমূল্য নিশ্চিত করা, শিশুশ্রম ও বলপূর্বক শ্রম রোধ করা।	RHL প্রকল্পের ক্ষেত্রে প্রাসঙ্গিক এবং শ্রমিকদের কাজের পরিবেশ ও সুরক্ষায় কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পাশাপাশি প্রকল্পটি সরাসরি স্থানীয় এবং চুক্তিবদ্ধ কর্মীদের নিয়োগ করবে।
৩। কার্যকরী সম্পদ ব্যবহার, দূষণ রোধ ও ব্যবস্থাপনা	বর্জ্য ব্যবস্থাপনা, রাসায়নিক ও ক্ষতিকর দূষণ ব্যবস্থাপনা, ঐতিহাসিক নির্গমন ব্যবস্থাপনা এবং সার্বিকভাবে সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করা।	প্রাসঙ্গিক এবং বর্জ্য ও দূষণ ব্যবস্থাপনার জন্য কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং যথাযথ ব্যবস্থাপনা গ্রহণের নির্দেশনা রয়েছে।
৪। জনস্বাস্থ্য ও নিরাপত্তা	জন-নিরাপত্তা নিশ্চিত করা, সকলের অভিজ্ঞতা নিশ্চিত করা, ট্রাফিক ও সড়ক নিরাপত্তা ইত্যাদি।	কর্ম-জনিত ঝুঁকি, অস্বাস্থ্যকর পরিবেশ অর্থাৎ বায়ু-পানি-মাটি প্রভৃতি দূষণ জনিত কারণে, আবর্জনা অব্যবস্থাপনা করা হলে, ঝুঁকিপূর্ণ রাসায়নিক ব্যবহার করা হলে প্রয়োজ্য হবে।
৫। ভূমি অধিগ্রহণ, ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ ও বাধ্যতামূলক পুনর্বাসন	ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন বিষয়ে বিস্তারিত পরিকল্পনা প্রস্তুত, বাস্তবায়ন ও পরিবীক্ষণ।	প্রকল্পের কার্যক্রমের জন্য কোনোরূপ ভূমি অধিগ্রহণ বা পুনর্বাসনের প্রয়োজন হবে না।
৬। জীব-বৈচিত্র্য সংরক্ষণ এবং টেকসই ব্যবস্থাপনা	জীব-বৈচিত্র্য সংরক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন, প্রাণীকূলের টেকসই ব্যবস্থাপনা ইত্যাদি।	প্রাসঙ্গিক এবং জীববৈচিত্র্য সংরক্ষণ এবং টেকসই ব্যবস্থাপনা নিশ্চিতকরণে কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং যথাযথ ব্যবস্থাপনার নির্দেশনা রয়েছে।

প্রতিপালনীয় বিষয়সমূহ	চাহিদাসমূহ	প্রকল্পের কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্টতা
৭। উপ-জাতি বা স্থানীয় নৃ-গোষ্ঠীর অধিকার সংরক্ষণ	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৩/ক ধারা অনুসারে রাষ্ট্র বিভিন্ন উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের অনন্য বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি এবং ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের ব্যবস্থা গ্রহণ করবে। যদি কোন উপ-জাতি বা আদি নৃ-গোষ্ঠী কর্ম এলাকায় থাকে তবে তাদের অধিকার, সংস্কৃতি ইত্যাদি যেন কর্মকাণ্ডের দ্বারা ক্ষতিগ্রস্ত না হয় সেটি নিশ্চিত করা, কাজ শুরুর পূর্বেই তাদের সাথে পরামর্শ করা এবং তাদের মতামত গ্রহণ করা ইত্যাদি।	নির্বাচিত প্রকল্প এলাকায় নগণ্য সংখ্যক জাতিগত সংখ্যালঘুদের সন্ধান পাওয়া গেছে। প্রকল্পের কর্মকাণ্ড বিষয়ে অবহিতকরণ ও অন্তর্ভুক্তিমূলক পদক্ষেপ গ্রহণ করতে মুক্ত, পূর্ব এবং অবহিত সম্মতি (FPIC) এবং উপ-জাতি/স্থানীয় নৃ-গোষ্ঠী পরিকল্পনা কাঠামো প্রস্তুত করা হয়েছে। পাশাপাশি জীবিকা, প্রাকৃতিক সম্পদ নির্ভর পেশা, সামাজিক ও ঐতিহ্যের ওপরে আঘাত আসে এমন কর্মকাণ্ড থেকে বিরত থাকার এবং উপজাতি/ নৃগোষ্ঠী সহায়ক অভিযোগ প্রতিকার ব্যবস্থা মাঠ পর্যায়ে বাস্তবায়নের সুনির্দিষ্ট নির্দেশনা রয়েছে।
৮. সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ	কর্ম এলাকায় যদি কোন ঐতিহাসিক নিদর্শন থাকে তাহলে তা সংরক্ষণের ব্যবস্থা করা ইত্যাদি।	প্রকল্প বাস্তবায়নের এলাকায় কোন ঐতিহাসিক নিদর্শন না থাকায় সেগুলোর উপর প্রকল্পের কোনো নেতিবাচক প্রভাব নেই।
৯। আর্থিক মধ্যস্থতাকারীদের সক্ষমতা বৃদ্ধি	এটি শুধুমাত্র পিকেএসএফ এর জন্য প্রযোজ্য।	-
১০। স্টেকহোল্ডার অন্তর্ভুক্তিকরণ এবং তথ্য প্রকাশ	প্রকল্পের সকল পর্যায়ে বিভিন্ন স্টেকহোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করা জন্য স্টেকহোল্ডার অন্তর্ভুক্তিকরণ পরিকল্পনা প্রস্তুত, বাস্তবায়ন ও পরিবীক্ষণ। এখানে স্টেকহোল্ডার বলতে প্রকল্পে অংশগ্রহণকারী জনগোষ্ঠী, প্রকল্প এলাকার অন্যান্য জনগোষ্ঠী এবং সংশ্লিষ্ট বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থাকে বুঝানো হয়েছে।	প্রকল্পটি একটি স্টেকহোল্ডার সম্পৃক্তকরণ পরিকল্পনা (SEP) তৈরি করেছে যা বিভিন্ন স্টেকহোল্ডারদের চিহ্নিত করে এবং প্রকল্পে তাদের চাহিদা এবং প্রভাব মূল্যায়ন করে, যার মধ্যে একটি অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRM) স্থাপন অন্তর্ভুক্ত রয়েছে।

২.২। RHL প্রকল্পের পরিবেশ ও সামাজিক অভিঘাত নিরূপণ এবং শ্রেণিকরণ:

যে কোনো প্রকল্প বা উপ-প্রকল্পের নকশা প্রণয়নের ক্ষেত্রে ‘পরিবেশগত ও সামাজিক পরীক্ষা’ একটি বাধ্যতামূলক ও গুরুত্বপূর্ণ ধাপ। পরিবেশগত ও সামাজিক পরীক্ষা-নিরীক্ষার মূল উদ্দেশ্য হলো প্রকল্পের সম্ভাব্য পরিবেশগত ও সামাজিক প্রভাবসমূহ প্রাথমিক পর্যায়ে চিহ্নিত করা এবং প্রয়োজনীয় প্রশমন/প্রতিকার ব্যবস্থা নিশ্চিত করা, যাতে সিদ্ধান্ত গ্রহণ ও প্রকল্প নকশা প্রণয়নের পূর্বেই প্রাসঙ্গিক সমস্যাগুলোর সমাধান করা যায়। এই পরীক্ষার মাধ্যমে পরিবেশগত ও সামাজিক ক্ষতি কমানো এবং পরিবেশগত ও সামাজিক সুযোগ বৃদ্ধি করার জন্য পরিকল্পনা গ্রহণ ও বাজেট নির্ধারণ করা সম্ভব হয়।

এটি প্রকল্প বা উপ-প্রকল্পের পরিবেশগত শ্রেণিবিন্যাস নির্ধারণের প্রথম ধাপ হিসেবে কাজ করে এবং সম্ভাব্য পরিবেশগত ও সামাজিক প্রভাব বিশ্লেষণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই প্রক্রিয়ায় স্থানীয় সম্প্রদায়ের অংশগ্রহণ ও পরামর্শ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে, কারণ স্থানীয় জ্ঞান ও বাস্তব অভিজ্ঞতা সম্ভাব্য প্রভাব চিহ্নিত করতে সহায়ক হয়।

পিকেএসএফ-এর পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামোর চাহিদা পূরণে পিকেএসএফ-এর অর্থায়নে বাস্তবায়িত সকল প্রকল্প ও কর্মকান্ডসমূহের পরিবেশগত ও সামাজিক শ্রেণিকরণ করা আবশ্যিক। এই শ্রেণিকরণের মাধ্যমে প্রস্তাবিত কর্মকান্ড বা প্রকল্পের পরিবেশগত ও সামাজিক অভিঘাতের মাত্রা সম্পর্কে ধারণা পাওয়া যায়। মাত্রা অনুযায়ী বিভিন্ন কর্মকান্ডকে ৩টি শ্রেণিতে ভাগ করা হয়েছে। যেমন: শ্রেণি ‘ক’ বা ‘A’, শ্রেণি ‘খ’ বা ‘B’ এবং শ্রেণি ‘গ’ বা ‘C’। ‘ক’ বা ‘A’ শ্রেণির কর্মকান্ড হলো এমন সকল কর্মকান্ড যার পরিবেশগত ও সামাজিক প্রভাব অত্যন্ত বেশি এবং অনেক ক্ষেত্রে তা নিয়ন্ত্রণের পর্যায়ে থাকে না। যেমন: কোন বসতি এলাকায় উন্মুক্ত পদ্ধতিতে কয়লা উত্তোলন, বৃহদাকার বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ, বৃহদাকার সেতু বা বাঁধ নির্মাণ ইত্যাদি। এ ধরনের কর্মকান্ডের পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনার জন্য বৈজ্ঞানিক তথ্য ও উপাত্তের প্রয়োজন হয়। অনেক ক্ষেত্রেই ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে ক্ষতিপূরণ দিতে হয়। ‘খ’ বা ‘B’ শ্রেণির কর্মকান্ড বা প্রকল্পের পরিবেশগত ও সামাজিক প্রভাব অপেক্ষাকৃত কম এবং সহজেই ব্যবস্থাপনা করা যায়। যেমন: ছোট ছোট নির্মাণ কাজ, গবাদিপশু পালন, তীত শিল্প ইত্যাদি। ‘গ’ বা ‘C’ শ্রেণির কর্মকান্ডের পরিবেশগত ও সামাজিক অভিঘাত নেই বা থাকলেও অতি সামান্য। যেমন: প্রশিক্ষণ, কৃষিকাজ, বৃক্ষরোপন, পুকুর পুনঃখনন, খাল পুনঃখনন ইত্যাদি।

RHL প্রকল্পের পরিবেশ ও সামাজিক অভিঘাত নিরূপণ এবং শ্রেণিকরণে পিকেএসএফ তার নিরীক্ষা কার্যক্রমে শুধুমাত্র অভ্যন্তরীণ বিশেষজ্ঞদের মতামতের ওপর নির্ভর করেনি, বরং স্থানীয় জনগণের সঙ্গে পরামর্শ করে সম্মিলিতভাবে প্রকল্প এলাকার পরিবেশগত ঝুঁকি ও সম্ভাবনার মূল্যায়ন করেছে। এই মূল্যায়নের ভিত্তিতে RHL প্রকল্পের শ্রেণিকরণ নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে:

ছক-২: পরিবেশগত ও সামাজিক প্রভাব মূল্যায়নের জন্য চেকলিস্ট

বর্জনীয় মানদণ্ড (Exclusion Criteria)	হ্যাঁ	না	ব্যাখ্যা
কার্যক্রমগুলি বাস্তবায়নের জন্য কি এমন কোন সংশ্লিষ্ট কর্মকাণ্ডের প্রয়োজন হয়, যার জন্য অতিরিক্ত গবেষণা ও অনুসন্ধানের প্রয়োজন পড়ে?	<input type="checkbox"/>	<input checked="" type="checkbox"/>	প্রকল্পটিতে সংশ্লিষ্ট কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে না কারণ কার্যক্রমগুলি পরিচিত এবং এর প্রভাবগুলিও পিকেএসএফ-এর কাছে পরিচিত।
কার্যক্রমগুলি কি আন্তঃদেশীয় নদী ব্যবস্থাকে প্রভাবিত করে?	<input type="checkbox"/>	<input checked="" type="checkbox"/>	কার্যক্রমগুলি আন্তঃসীমান্ত নদীর নিম্নাঞ্চলে বাস্তবায়িত হবে এবং নদীর উপর কোনও বাঁধ বা সেতু নির্মাণ করা হবে না, অর্থাৎ নদীর উপর কোনও প্রভাব পড়বে না।
কর্মকান্ডগুলি কি শ্রমিকদের কর্ম-পরিবেশ এবং স্বাস্থ্য ও নিরাপত্তার উপর বিরূপ প্রভাব ফেলবে অথবা নারী, শিশুশ্রমিক সহ ঝুঁকিপূর্ণ শ্রেণীর শ্রমিকদের অন্তর্ভুক্ত করবে?	<input type="checkbox"/>	<input checked="" type="checkbox"/>	প্রকল্পটিতে ঝুঁকিপূর্ণ মানুষের জন্য ঘর এবং হ্যাচারি অবকাঠামোর মতো ছোট নির্মাণ কাজ থাকবে। এই কাজে কোনও শিশু বা ঝুঁকিপূর্ণ নারীকে নিযুক্ত করা হবে না। প্রকল্পটিতে জোরপূর্বক শ্রমের প্রয়োজন হবে না।
কার্যক্রমগুলি কি সম্ভাব্যভাবে কীটনাশক সহ বিপজ্জনক বর্জ্য এবং দূষণকারী পদার্থ তৈরি করবে এবং জমি দূষিত করবে যার জন্য ব্যবস্থাপনা, হাসকরণ এবং নিয়ন্ত্রণ এবং দেশীয় এবং প্রযোজ্যক্ষেত্রে আন্তর্জাতিক পরিবেশগত মান ও নীতি মেনে চলার উপর আরও গবেষণার প্রয়োজন হবে?	<input checked="" type="checkbox"/>	<input type="checkbox"/>	প্রকল্পটি কীকড়া হ্যাচারি এবং কীকড়া চাষকে উৎসাহিত করবে। তাই, হ্যাচারি এবং কীকড়া চাষের জন্য ব্যবহৃত পুকুরের চারপাশে মাটি এবং পানির লবণাক্ততা বৃদ্ধি হওয়ার সীমিত সম্ভাবনা আছে।
কার্যক্রমগুলিতে কি গুরুত্বপূর্ণ অবকাঠামো (যেমন বাঁধ, জলাধার, উপকূলীয় এবং নদীর তীরের অবকাঠামো) নির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং পুনর্বাসন জড়িত থাকবে যার জন্য আরও প্রযুক্তিগত মূল্যায়ন, সুরক্ষা ও গবেষণার প্রয়োজন হবে?	<input checked="" type="checkbox"/>	<input type="checkbox"/>	প্রকল্পটিতে কীকড়া হ্যাচারি, দুর্যোগ সহনশীল বসতবাড়ি, ছাগল/ভেড়ার জন্য মাচা ঘর ইত্যাদির মতো ছোট আকারের নির্মাণ কার্যক্রম থাকবে। তবে প্রকল্পটিতে বাঁধ, উপকূলীয় অবকাঠামো ইত্যাদির মতো গুরুত্বপূর্ণ অবকাঠামোর প্রয়োজন হবে না। তাই, কার্যক্রমগুলির জন্য আরও প্রযুক্তিগত মূল্যায়ন এবং সুরক্ষা ও গবেষণার প্রয়োজন হবে না।

বর্জনীয় মানদণ্ড (Exclusion Criteria)	হ্যাঁ	না	ব্যাখ্যা
প্রস্তাবিত কার্যক্রমগুলিতে কি পুনর্বাসন এবং দখল, ভূমি অধিগ্রহণ এবং ব্যক্তি ও সম্প্রদায়ের অর্থনৈতিক স্থানচ্যুতি অন্তর্ভুক্ত থাকবে?	<input type="checkbox"/>	<input checked="" type="checkbox"/>	প্রকল্পটিতে পুনর্বাসন এবং উচ্ছেদ, জমি অধিগ্রহণ এবং ব্যক্তি ও সম্প্রদায়ের অর্থনৈতিক স্থানচ্যুতি অন্তর্ভুক্ত থাকতে পারে এমন কোনও কার্যক্রম প্রস্তাব করা হবে না। তাছাড়া, কোনও অস্থায়ী স্থানচ্যুতির সমস্যাও নেই। ঘরগুলিতে বিকল্প কক্ষ থাকায় পরিবারগুলো একই ঘরে বাস করবে। কক্ষগুলি একের পর এক নির্মিত হবে। সুতরাং, পরিবারকে নির্মাণকালীন সময়ে কেবল এক কক্ষ থেকে অন্য কক্ষে স্থানান্তর করতে হবে।
কার্যক্রমগুলি কি সংরক্ষিত এলাকা এবং পরিবেশগত তাৎপর্যপূর্ণ এলাকায় অবস্থিত হবে, যার মধ্যে রয়েছে গুরুত্বপূর্ণ আবাসস্থল, গুরুত্বপূর্ণ জীববৈচিত্র্য এলাকা এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত সংরক্ষিত স্থান?	<input type="checkbox"/>	<input checked="" type="checkbox"/>	প্রকল্পটি বিদ্যমান বসতি এবং কৃষিক্ষেত্রে বাস্তবায়িত হবে।
কার্যক্রমগুলি কি উপজাতি/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের উপর প্রভাব ফেলবে, যাদের জন্য মুক্ত, পূর্ব এবং অবহিত সম্মতি (FPIC) এবং উন্নয়ন পরিকল্পনার ডকুমেন্টেশন প্রয়োজন হবে?	<input checked="" type="checkbox"/>	<input type="checkbox"/>	প্রকল্প এলাকায় নগণ্য সংখ্যক ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সন্ধান পাওয়া গেছে। যাদের জন্য মুক্ত, পূর্ব এবং অবহিত সম্মতি (FPIC) এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিকল্পনা কাঠামো প্রস্তুত করা হচ্ছে।
কর্মকান্ডগুলি কি কোন প্রত্নতাত্ত্বিক, পুরাকীর্তি, ঐতিহাসিক, সাংস্কৃতিক বা ধর্মীয় উপসানালয় বা সাংস্কৃতিক ঐতিহ্যের অবস্থান আছে এমন এলাকায় বাস্তবায়িত হবে?	<input type="checkbox"/>	<input checked="" type="checkbox"/>	প্রকল্প এলাকায় কোন প্রত্নতাত্ত্বিক, পুরাকীর্তি, ঐতিহাসিক, সাংস্কৃতিক বা ধর্মীয় উপসানালয় বা সাংস্কৃতিক ঐতিহ্যের অবস্থান নেই।

বর্জনীয় মানদণ্ড (Exclusion Criteria)	হ্যাঁ	না	ব্যাখ্যা
কার্যক্রমগুলি কি মানবাধিকারকে প্রভাবিত করবে যার জন্য আরও যথাযথ অনুসন্ধানের প্রয়োজন হবে?	<input type="checkbox"/>	<input checked="" type="checkbox"/>	এই কার্যক্রমগুলি মানবাধিকারকে প্রভাবিত করবে না কারণ এগুলি ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের সাথে পরামর্শ করে নির্বাচিত করা হয়েছে। এছাড়াও, জমি সম্পর্কিত কোনও বিরোধ এড়াতে উপকারভোগীদের নিজস্ব জমিতে কর্মকান্ডগুলো বাস্তবায়ন করা হবে।
কার্যক্রমগুলির দ্বারা কি যৌন নির্যাতন, হয়রানী ও নিপীড়ন (SEAH) ঘটান সম্ভাবনা আছে, যেখানে অধ্যয়ন এবং যথাযথ অনুসন্ধানের প্রয়োজন হবে?	<input checked="" type="checkbox"/>	<input type="checkbox"/>	কার্যক্রমগুলির মধ্যে বসতবাড়ি নির্মাণ, কাঁকড়ার খামার এবং কাঁকড়া হ্যাচারি নির্মাণে নারী শ্রমিক জড়িত হতে পারে। সুতরাং, তারা কর্মক্ষেত্রে যাওয়ার সময় বা স্থানীয় অন্যান্য মানুষ বা সহকর্মীদের সাথে সহাবস্থান করতে হতে পারে, যার ফলে যৌন নির্যাতন, হয়রানী ও নিপীড়ন (SEAH) ঘটান সম্ভাবনা আছে। তবে, যেহেতু বহিরাগত কর্মীরা বাস্তবায়ন প্রক্রিয়ায় জড়িত থাকবেন না, তাই যৌন নির্যাতন, হয়রানী ও নিপীড়নের সম্ভাবনা খুবই সীমিত।
এই কার্যক্রমগুলি কি লিঙ্গ বৈষম্যকে উৎসাহিত করার সম্ভাবনা আছে?	<input checked="" type="checkbox"/>	<input type="checkbox"/>	পুরুষ কর্মীদের তুলনায় নারী কর্মীদের কম মজুরি দেওয়ার সম্ভাবনা রয়েছে। তবে প্রকল্পের প্রকৃতির কারণে মজুরি বৈষম্যের সম্ভাবনা সীমিত। কারণ প্রকল্পটিতে বেশিরভাগ সম্প্রদায়ের নারী সদস্যদের জড়িত করা হবে, যারা মজুরির হার, ঠিকাদারদের সাথে দর কষাকষি ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত নেবেন। প্রাতিষ্ঠানিক পর্যায়ে পুরুষ ও নারী কর্মীদের সমান মজুরি নিশ্চিত করার জন্য পিকেএসএফ এবং বাস্তবায়নকারী সংস্থার জনবল ব্যবস্থাপনা নীতি প্রযোজ্য হবে।

RHL প্রকল্পের উপরোক্ত স্কিনিংয়ে দেখা গেছে যে প্রকল্পটির কিছু প্রভাব পড়বে যার জন্য কিছু প্রশমন ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হবে। উদাহরণস্বরূপ, প্রকল্পটি কাঁকড়া হ্যাচারি নির্মাণ করবে যেখানে পানি শোধনাগারের সুবিধা প্রয়োজন হবে। শ্রমিকদের সুরক্ষায় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) যেমন: মাস্ক, গ্লাভস, গামবুট, হেলমেট ইত্যাদি ব্যবহার করতে হতে পারে। ধুলো কমানোর জন্য নির্মাণ কার্যক্রমে পানি-স্প্রে ইত্যাদির প্রয়োজন হবে।

GCF ও পিকেএসএফ-এর পরিবেশগত ও সামাজিক সুরক্ষা (ESS) নীতিমালা অনুযায়ী RHL প্রকল্পটি "ক্যাটাগরি বি"-এর অন্তর্ভুক্ত, যার অর্থ হলো প্রকল্প কার্যক্রমে সীমিত বা মাঝারি মাত্রার পরিবেশগত ও সামাজিক প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে, যা উপযুক্ত পরিকল্পনার মাধ্যমে প্রশমিত ও ব্যবস্থাপনা করা সম্ভব।

২.৩। RHL প্রকল্পের পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা:

RHL প্রকল্পের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠী যেন জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় সক্ষম হয়, সে লক্ষ্যেই এই কাঠামোর মাধ্যমে জলবায়ু অভিযোজন কার্যক্রম, সিসিএজি গঠন ও অংশগ্রহণমূলক পরিবেশ ও সামাজিক পরিকল্পনা নিশ্চিত করা হচ্ছে। এতে প্রকল্প কার্যক্রমের পরিবেশগত ভারসাম্য বজায় থাকার পাশাপাশি সামাজিক অন্তর্ভুক্তি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে।

ছক ৩: প্রকল্পের পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা

পরিবেশগত ও সামাজিক প্রভাব	প্রতিকার ব্যবস্থা	বাজেট	দায়িত্ব	ঝুঁকির পর্যায়
পানির লবণাক্ততা বৃদ্ধি	হ্যাচারিগুলি ডি-ক্লোরিনেশন সুবিধা সহ নকশা প্রণয়ন করা হবে।	হ্যাচারি নির্মাণ কর্মকান্ডের জন্য সংশ্লিষ্ট বাজেট	বাস্তবায়নকারী সংস্থা ও পিকেএসএফ	মাঝারি
হ্যাচারি স্থাপনের কারণে কৃষি/উৎপাদনশীল জমির ক্ষতি	হ্যাচারি স্থাপনের জন্য ইতিমধ্যে লবণাক্ত প্রবণ জমি বেছে নেওয়া হবে। কোনও কৃষি/উৎপাদনশীল জমি ব্যবহার করা হবে না। হ্যাচারি প্ল্যান্ট স্থাপন এবং মাটি সংগ্রহের জন্য কেবল অনুর্বর ও পতিত জমি, আশেপাশের খাল এবং পুকুর খননের মাটি বিবেচনা করা হবে।	প্রয়োজন নেই	বাস্তবায়নকারী সংস্থা ও পিকেএসএফ	নিম্ন

পরিবেশগত ও সামাজিক প্রভাব	প্রতিকার ব্যবস্থা	বাজেট	দায়িত্ব	ঝুঁকির পর্যায়
মাটির লবণাক্ততা বৃদ্ধি	ইতিমধ্যেই লবণাক্ত প্রবণ জমিতে কাঁকড়া চাষ এবং হ্যাচারি পরিচালনা করা হবে।	প্রয়োজন নেই	বাস্তবায়নকারী সংস্থা ও পিকেএসএফ	মাঝারি
বসতবাড়ি এলাকায় ঘাস, লতাগুল্ম এবং ভেষজ উদ্ভিদের ক্ষতি	উঁচু ভিটাগুলোতে বৃক্ষরোপণ এবং সবজি চাষ নিশ্চিত করা হবে।	বসতভিটায় বৃক্ষরোপণ/ সবজি চাষ কর্মকান্ড সংশ্লিষ্ট বাজেট	বাস্তবায়নকারী সংস্থা ও পিকেএসএফ	নিম্ন
প্রকল্পটিতে ছোটখাটো নির্মাণ কার্যক্রম থাকায় শ্রমিকরা আহত হতে পারেন	পিকেএসএফ পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা নির্দেশিকা গ্রহণ করেছে। এই নির্দেশিকা অনুসরণ করে বাস্তবায়নকারী সংস্থা কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করবে। শ্রমিক স্থানীয়ভাবে নিয়োগ করা হবে বিধায় অস্থায়ী কোন ক্যাম্পের প্রয়োজন হবেনা। শ্রমিকদের প্রাথমিক চিকিৎসা বাক্স, হাতের গ্লাভস, টুপি এবং গামবুট সরবরাহ করা হবে।	বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নিয়োগকৃত ঠিকাদার ব্যবস্থা করবেন।	ঠিকাদার, বাস্তবায়নকারী সংস্থা ও পিকেএসএফ	নিম্ন
কাঁকড়া ধরার ক্ষেত্রে মৃত্যু এবং আঘাতের ঝুঁকি হ্রাস	হ্যাচারিতে উৎপাদিত ক্রাবলেটের উপকারিতা এবং প্রাকৃতিক কাঁকড়া ধরার নেতিবাচক প্রভাব সম্পর্কে সিসিএজি সভাগুলিতে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম পরিচালিত হবে।	বাজেটে অন্তর্ভুক্ত খাত	বাস্তবায়নকারী সংস্থা ও পিকেএসএফ	নিম্ন
পুনঃনির্মাণ কার্যক্রম পরিচালনাকালীন সময়ে একই বাড়িতে বসবাসের কারণে দুর্ঘটনার ঝুঁকি	ঠিকাদাররা নির্মাণাধীন কক্ষ এবং অন্য কক্ষের মধ্যে অস্থায়ী প্রাচীর (Partition) তৈরি করে সুরক্ষা ব্যবস্থা নেবেন।	বাজেটে অন্তর্ভুক্ত খাত	বাস্তবায়নকারী সংস্থা, সিসিএজি, ঠিকাদার ও পিকেএসএফ	নিম্ন

পরিবেশগত ও সামাজিক প্রভাব	প্রতিকার ব্যবস্থা	বাজেট	দায়িত্ব	ঝুঁকির পর্যায়
বায়ু দূষণ	কাঁকড়া হ্যাচারির জন্য উপকরণ পরিবহনের সময় পেট্রোল বা ডিজেলের পরিবর্তে সিএনজি চালিত যানবাহন ব্যবহার করা হবে।	প্রয়োজন নেই	বাস্তবায়নকারী সংস্থা ও ঠিকাদার	নিম্ন
ল্যাট্রিন নির্মাণের কারণে পানি দূষণ	যে স্যানিটারি ল্যাট্রিনগুলি তৈরি করা হবে তা হবে আধা-পাকা এবং Y-চেম্বারযুক্ত টুইন-পিট ল্যাট্রিন। এই চেম্বারগুলি পৃথকভাবে ব্যবহার করা হবে। যখন একটি চেম্বার বর্জ্য দ্বারা ভরাট হয়ে যাবে তখন এটি পরিষ্কার করা হবে এবং অন্য চেম্বারটি উন্মোক্ত করে দেওয়া হবে। শোধিত বর্জ্য কোনও খোলা জলাশয়ে ফেলা হবে না। তাছাড়া, ভূপৃষ্ঠের পানি দূষণ রোধ করার জন্য ল্যাট্রিন এবং কাছাকাছি পানির উৎসের মধ্যে কমপক্ষে ৩০ ফুট দূরত্ব বজায় রাখা হবে।	বাজেটে অন্তর্ভুক্ত খাত	বাস্তবায়নকারী সংস্থা ও পিকেএসএফ	নিম্ন
কিশোর কাঁকড়া (জুবিন্যাল) সংগ্রহের ফলে জীববৈচিত্র্যের ক্ষতিসাধন	কাঁকড়া চাষের উদ্দেশ্যে প্রাকৃতিক উৎস/ সুন্দরবন হতে কিশোর কাঁকড়া (জুবিন্যাল) সংগ্রহ করতে না যাওয়ার জন্য উপকারভোগীদের নিরুৎসাহিত করা হবে। অধিকন্তু, প্রকল্পটি অন্যান্য কাঁকড়া সংগ্রাহকদের এই প্রকল্পের আওতায় হ্যাচারি এবং কাঁকড়া নার্সারি থেকে উৎপাদিত কাঁকড়া এবং কিশোর কাঁকড়া (জুবিন্যাল) ব্যবহার করতে উৎসাহিত করবে। সিসিএজি সদস্যরা কাঁকড়া খামারের টেকসই অনুশীলন প্রচারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।	প্রয়োজন নেই	বাস্তবায়নকারী সংস্থা ও পিকেএসএফ	মাঝারি

পরিবেশগত ও সামাজিক প্রভাব	প্রতিকার ব্যবস্থা	বাজেট	দায়িত্ব	ঝুঁকির পর্যায়
নির্মাণ কার্যক্রমের কারণে ধুলো ও শব্দ দূষণ	নির্মাণস্থলে পানি স্প্রে নিশ্চিত করা হবে। যতটা সম্ভব কম যন্ত্রপাতি ব্যবহার করা হবে।	প্রয়োজন নেই	বাস্তবায়নকারী সংস্থা ও পিকেএসএফ	মাঝারি
ছাগল/ভেড়া পালন, কাঁকড়া হ্যাচারি এবং চাষ থেকে দূষণ (যেমন- পানি দূষণ ও দুর্গন্ধ)	<ul style="list-style-type: none"> - ছাগলের লিটার বাক্স এবং লিটার নিয়মিতভাবে পুঞ্জানুপুঞ্জভাবে পরিষ্কার করা হবে। ছাগল/ভেড়ার বর্জ্য থেকে জৈব সার তৈরী করা হবে। - ছাগলের ঘরের নিচে পলিথিন শিট সরবরাহ করা হবে যাতে ছাগলের বর্জ্য সহজেই অপসারণ করা যায়। - কাঁকড়া চাষ কেবলমাত্র সেই জমিতেই সীমাবদ্ধ থাকবে যেগুলি ইতিমধ্যে লবণাক্ত। 	প্রয়োজন নেই	বাস্তবায়নকারী সংস্থা ও পিকেএসএফ	নিম্ন
ভালো উপকরণ হিসেবে বিবেচিত নয় এমন সব নির্মাণ সামগ্রী ব্যবহার করা	ইট, বালি, সিমেন্ট ইত্যাদি নির্মাণ সামগ্রী টেকসইভাবে তৈরি করা নিশ্চিত করা হবে। যেসব উপকরণ ভালো মানের হিসেবে বিবেচিত হবে না, সেগুলো কোনও অবস্থাতেই ব্যবহার করা হবে না।	প্রয়োজন নেই	বাস্তবায়নকারী সংস্থা, ঠিকাদার ও পিকেএসএফ	নিম্ন

পরিবেশগত ও সামাজিক প্রভাব	প্রতিকার ব্যবস্থা	বাজেট	দায়িত্ব	ঝুঁকির পর্যায়
যেহেতু প্রকল্পটি দুর্যোগপ্রবণ উপকূলীয় অঞ্চলে বাস্তবায়িত হবে, তাই উপকারভোগী এবং প্রকল্প-বাস্তবায়িত কাঠামোগুলি ঘূর্ণিঝড় এবং জলোচ্ছ্বাসের দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে	বাংলাদেশ সরকার দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ (SOD) গ্রহণ করেছে, যা যেকোনো দুর্যোগ মোকাবেলার জন্য একটি আইনি আদেশ। SOD কেন্দ্রীয় থেকে ইউনিয়ন স্তর পর্যন্ত বিভিন্ন স্তরের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ভূমিকা এবং দায়িত্ব সংজ্ঞায়িত করা, যার মধ্যে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (CPP) হল একটি কার্যকরী ঘূর্ণিঝড় ব্যবস্থাপনা কর্মসূচি, যা বিশ্বের অনেক দেশের জন্য দুর্যোগ ব্যবস্থাপনার একটি মডেল হিসেবে খ্যাত। এই বিদ্যমান কর্মসূচির মাধ্যমে দুর্যোগকালীন সময়ে গ্রামের প্রতিটি ঘরে ঘরে পৌঁছানো এবং জরুরি সেবা পরিচালিত হয়। তাই, RHL প্রকল্পের জন্য জরুরি পরিকল্পনা প্রস্তুত করার প্রয়োজন নেই। তবে, প্রকল্পটি সিসিএজি-এর মাধ্যমে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (BMD) কর্তৃক জারি করা পূর্বাভাস সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা, কেন্দ্রীয়ভাবে পরিচালিত জরুরি সহায়তা পেতে তথ্য প্রদান করা এবং CAT 4 বা CAT 5 ঘূর্ণিঝড়ের ক্ষেত্রে আশ্রয়কেন্দ্রে যেতে সহায়তা নিশ্চিত করা হবে।	প্রয়োজন নেই	বাস্তবায়নকারী সংস্থা, সিসিএজি সদস্য ও পিকেএসএফ	মাঝারি

প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাগণকে পরিবেশগত ও সামাজিক সুরক্ষা এবং মাঠ পর্যায়ে বাস্তবায়ন পদ্ধতি যেমন: পরিবেশগত ও সামাজিক স্ক্রিনিং, পরিবেশগত ও সামাজিক প্রভাব মূল্যায়ন, পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা এবং বিভিন্ন অংশীজন যেমন: বাস্তবায়নকারী সংস্থা, সিসিএজি সদস্য, প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটের দায়-দায়িত্ব সম্পর্কে সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান করা হবে।

তৃতীয় অধ্যায়

কার্যক্রম ০১: RHL প্রকল্পের কার্যক্রমভিত্তিক পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনার জন্য সাধারণ নির্দেশিকা

কার্যক্রম ০১: জলবায়ু পরিবর্তন সহনশীল বসতবাড়ি নির্মাণ

৩.১। জলবায়ু পরিবর্তন সহনশীল বসতবাড়ি নির্মাণ: জলবায়ু পরিবর্তন সহনশীল বসতবাড়ি হলো একটি নিরাপদ, টেকসই ও অভিযোজনযোগ্য আবাসন ব্যবস্থা যা প্রাকৃতিক দুর্যোগ যেমন: বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, লবণাক্ততা, খরা ও অন্যান্য জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম। এসব বসতবাড়ি এমনভাবে পরিকল্পিত ও নির্মিত হয় যাতে প্রাকৃতিক দুর্যোগের ক্ষয়ক্ষতি কম হয় এবং মানুষ নিরাপদে বসবাস করতে পারে। RHL-প্রকল্পটির বাস্তবায়ন নির্দেশিকার নির্বাচনের মানদণ্ডের ভিত্তিতে ৩,০০০ জলবায়ু পরিবর্তন সহনশীল বসতবাড়ি নির্মাণের জন্য ১৩,৫০০ (৩০০০ পরিবার) উপকারভোগী নির্বাচন করবে। বাস্তবায়নকারী সংস্থা-IE উপকারভোগীদের নির্বাচনের জন্য নির্বাচিত এলাকায় পরামর্শ সভা পরিচালনা করবে এবং উপকারভোগীদের একটি খসড়া তালিকা প্রস্তুত করবে এবং অনুমোদনের জন্য পিকেএসএফ-এর কাছে জমা দেবে। পিকেএসএফ-এর প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (PMU) প্রতিনিধিরা উপকারভোগী তালিকা যাচাই করতে এবং চূড়ান্ত উপকারভোগীদের অনুমোদন প্রদানের জন্য পরিদর্শন করবেন। স্থানীয় সম্প্রদায় পিকেএসএফ-এর মডেল অনুসরণ করে সমস্ত নির্মাণ কার্যক্রম পরিচালনা করবে। উপরোক্ত নির্মাণ কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রকল্প অবদান (অনুদান) এবং উপকারভোগী অবদান নিশ্চিত করা হবে। উপকারভোগী স্থানীয় বাজার থেকে সমস্ত নির্মাণ উপকরণ কিনবেন এবং নির্মাণ শ্রমিকদের পরিচালনা করবেন। প্রকল্প প্রকৌশলী এবং কারিগরি কর্মকর্তাগণ প্রয়োজনীয় তত্ত্বাবধান ও সহায়তা প্রদান করবেন। বাস্তবায়নকারী সংস্থা (IEs) নির্মাণ কাজের তত্ত্বাবধান করবে যাতে নির্মাণের গুণগত মান, শ্রমিকদের স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কাজের স্বচ্ছতা নিশ্চিত করা যায়। জলবায়ু পরিবর্তন সহনশীল বসতবাড়ি নির্মাণ কার্যকলাপের অধীনে কিছু উপ-কর্মকান্ড পরিচালিত হবে। কর্মকান্ডগুলো সম্পর্কে নিম্নে বর্ণনা দেওয়া হল।

৩.১.১। বসতবাড়ির ভিটা উন্নয়ন (ভিটা উচ্চকরণ):

উপকূলীয় এলাকার নিম্নাঞ্চলীয় দরিদ্র জনগোষ্ঠী, যাদের ঘরবাড়ি প্রায়শই জলোচ্ছ্বাস ও বন্যার পানিতে ডুবে থাকে, তারা সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে। এই ঝুঁকি কমাতে এবং সংশ্লিষ্ট জনগোষ্ঠীকে এই প্রাকৃতিক দুর্যোগের সাথে খাপ খাইয়ে নিতে সক্ষম করার জন্য, RHL প্রকল্পের আওতায় এই এলাকাগুলিতে আবাসস্থল উচ্চকরণের উদ্যোগ নেওয়া হয়েছে। সমস্ত ঘরের সমষ্টি কমপক্ষে দ্বিগুণ উচ্চকরণের জন্য বসতবাড়ি এলাকা নির্বাচন করা হবে। বাস্তবায়নের সময় সঠিক ঢাল বজায় রাখা হবে।




বসতবাড়ি উঁচু করার সময় বাড়ির ভিটার জন্য প্রতি ০.৬১ মিটার উচ্চতার পর ২৫.৪ সেমি এবং প্রতি ০.৩ মিটার উচ্চতার পর ১২.৭০ সেমি ধাপ বা খাঁজ স্থাপন করতে হবে। বসতবাড়ি উঁচু করার পর ঢালের চারপাশে দুর্বাঘাস (ঘাস) রোপণ করতে হবে। প্রকল্পের কর্মকান্ড “বসতবাড়িতে বৃক্ষরোপণ”-এর অধীনে উঁচু বসতবাড়ির জমিতে গাছ লাগানো হবে। অধিকন্তু, যদি গৃহস্থালির প্রকল্পে জায়গা পাওয়া যায়, কর্মকান্ড “লবণ সহনশীল সবজি চাষ” এর অধীনে গৃহস্থালি এলাকার মধ্যে লবণাক্ততা সহনশীল সবজি চাষ চালু করা হবে।

৩.১.৩। ল্যাট্রিন নির্মাণ: প্রতি বছর প্রাকৃতিক দুর্যোগ যেমন: ঘূর্ণিঝড়, বন্যা প্রভৃতি উপকূলীয় অঞ্চলে স্যানিটারি ল্যাট্রিন ধ্বংস করে। ফলস্বরূপ, মানুষ একের পর এক খোলা ল্যাট্রিন ব্যবহার করতে বাধ্য হয় যা পরিবেশ দূষণের পাশাপাশি রোগের প্রাদুর্ভাবের ক্ষেত্রেও অগ্রণী ভূমিকা পালন করে। তাই, দরিদ্র জনগণের সুস্বাস্থ্য নিশ্চিত করা এবং জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইয়ে জীবনযাত্রার মান উন্নত করার লক্ষ্যে, পিকেএসএফ RHL প্রকল্পের আওতায় উপকূলীয় অঞ্চলে স্যানিটারি ল্যাট্রিন নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে।



তৈরিকৃত আরসিসি পিলার, পরিবেশবান্ধব ইট বা ব্লক এবং সিমেন্ট কংক্রিট দিয়ে সাব-স্ট্রাকচারটি তৈরি করা হবে। ল্যাট্রিনের সুপার স্ট্রাকচার নির্মাণের জন্য রঞ্জিন সিআই শিট, কাঠের / এমএস / জিআই ফ্রেম ব্যবহার করা হবে। ল্যাট্রিনটি অফসেট সিঙ্গেল বা ডাবল পিট ল্যাট্রিন হবে। অফসেট পিট ল্যাট্রিন মানে পিট এবং কাঠামো আলাদা করা হবে। পিট নির্মাণের জন্য আরসিসি রিং ব্যবহার করা হবে। মাটি বা বালু দিয়ে বসতবাড়ির এলাকা উঁচু করা হবে। পিট ল্যাট্রিন নির্মাণের জন্য দুই ধরনের কৌশল ব্যবহার করা হবে। প্রথমত, বালু ব্যবহার করে ল্যাট্রিন সাইটটি বসতবাড়ির গঠন গ্রাউন্ড লেভেল (Formation Ground Level-FGL) পর্যন্ত উঁচু করা হবে। ল্যাট্রিনের ভিত্তি FGL-এ তৈরি করা হবে এবং বিদ্যমান ভূমি স্তরে (Existing Ground Level-EGL) ১.৫ মিটার গর্ত খনন করা হবে। দ্বিতীয়ত, নকশা অনুসারে বিদ্যমান ভূমি স্তরে উপ-কাঠামো তৈরি করা হবে এবং এটি FGL পর্যন্ত সম্প্রসারিত করা হবে। যেখানে কোনও কৌশল প্রযোজ্য হবে না, সেখানে বসতবাড়ির এলাকা বন্যার স্তরে উন্নীত করা হবে এবং বসতি স্থাপনের জন্য এক বর্ষার জন্য রাখা হবে। পরে, সেখানে অবকাঠামো নির্মাণ কাজ শুরু করা হবে। টুইন পিট ল্যাট্রিনগুলি আকার পরিবর্তনযোগ্য, বাস্তবায়নযোগ্য এবং সাশ্রয়ী। ল্যাট্রিনগুলিতে দুটি গর্ত থাকে, প্রতিটির পরিমাপ প্রায় ১.৫ মিটার গভীর এবং প্রায় ৭৬.২ সেমি ব্যাস এবং দুটি গর্তের মধ্যে দূরত্ব কমপক্ষে ১ মিটার।

টুইন পিট টয়লেট ব্যবহার করার সময় মল বর্জ্য কেবল একটি গর্তে যেতে এবং স্থির হতে দেওয়া হবে। যখন সেই গর্তটি একটি নির্দিষ্ট সময়ের মধ্যে ভরাট করা হবে, তখন প্রথম গর্তের চ্যানেলটি বন্ধ করে দেওয়া হবে এবং দ্বিতীয়টি মল বর্জ্যের জন্য খোলা হবে। একটি নির্দিষ্ট সময় পরে, প্রথম গর্তের উপাদান সারে রূপান্তরিত হবে, যা অপসারণ করা হবে এবং উদ্ভিদের জন্য ব্যবহার করা করা হবে। দ্বিতীয় গর্তটি ভরাট করার সময় একই পদ্ধতি অনুসরণ করা হবে।



৩.১.৪। বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা (RWHS):

বৃষ্টির পানি সংরক্ষণ হলো একটি পানি সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি, যার মাধ্যমে বৃষ্টির পানি বিশেষভাবে তৈরি রিজার্ভারে সংরক্ষণ করা হয়। এই পানি গৃহস্থালি কাজ, কৃষি ও সুপেয় পানির উৎস হিসেবে ব্যবহার করা যায়। এটি একটি পরিবেশবান্ধব, সহজ এবং খরচ সাশ্রয়ী পানি সংগ্রহ পদ্ধতি, বিশেষ করে জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ উপকূলীয় এলাকায় এটি অত্যন্ত কার্যকর।



জলবায়ু পরিবর্তনের কারণে, বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে লবণাক্ততা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। মানুষকে দূরদূরান্ত থেকে পানীয় জল সংগ্রহ করতে হয় অথবা কিনতে হয়। বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের গড় বার্ষিক বৃষ্টিপাত অঞ্চলভেদে পরিবর্তিত হয় তবে সাধারণত ১৫০০ থেকে ৫০০০ মিমি (১৫০-৫০০ সেমি) এর মধ্যে হয়। RHL প্রকল্পটি প্রায় ২০ বর্গমিটারের একটি বাড়ি তৈরি করবে যেখানে ছাদের আকার প্রায় ২২ বর্গমিটার হবে। অংশীদাররা চাইলে আরও জলাবদ্ধতা এলাকা যোগ করতে পারেন। কিছু তথ্য নিম্নলিখিত সমীকরণের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে।

জলাধার এলাকা (বর্গমিটার) \times নিষ্কাশন সহগ \times ফিল্টার দক্ষতা \times গড় বার্ষিক বৃষ্টিপাত (মিমি) \times ০.০৫ = প্রস্তাবিত ট্যাঙ্কের আকার। (যেখানে জলাধার এলাকা = ২২ বর্গমিটার; নিষ্কাশন সহগ = ০.৮; ফিল্টার দক্ষতা = ০.৯৫; গড় বার্ষিক বৃষ্টিপাত = ৩২০০ মিমি)।

সমীকরণটি দেখায় যে বছরে ৫৩৫০৪ লিটার পানি পাওয়া যাবে, পাশাপাশি প্রস্তাবিত ট্যাঙ্কের আকার প্রায় ২৭০০ লিটার হবে। ফলস্বরূপ, প্রকল্পটি বৃষ্টির পানি সংরক্ষণের ক্ষমতা প্রায় ৩০০০ লিটার করার সুপারিশ করেছে।

৯. আর্থিক মধ্যস্থতাকারীদের সক্ষমতা বৃদ্ধি				প্রাসঙ্গিক নয়
১০. স্টেকহোল্ডার অর্ন্তভুক্তিকরণ এবং তথ্য প্রকাশ	✓	✓	স্বল্প মাত্রা	প্রকল্পটি একটি স্টেকহোল্ডার সম্পৃক্তকরণ পরিকল্পনা (SEP) তৈরি করেছে যা বিভিন্ন স্টেকহোল্ডারদের চিহ্নিত করে এবং প্রকল্পে তাদের চাহিদা এবং প্রভাব মূল্যায়ন করে, যার মধ্যে একটি অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRM) স্থাপন অন্তর্ভুক্ত রয়েছে।

কাঁকড়া চাষীদের কারিগরি ও আর্থিক সহায়তা কার্যক্রমের স্ক্রিনিংয়ে দেখা গেছে যে এই কার্যকলাপের কিছু প্রভাব রয়েছে যার জন্য কিছু প্রশমন ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হবে। প্রভাব কমাতে, বিশেষজ্ঞ এবং কমিউনিটির সাথে পরামর্শ করে নিম্নলিখিত পরিবেশগত ও সামাজিক কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে।

ছক ১৩: কাঁকড়া চাষীদের কারিগরি ও আর্থিক সহায়তা কার্যক্রমের পরিবেশগত ও সামাজিক কর্মপরিকল্পনা

কর্মকান্ডের নাম	সম্ভাব্য প্রভাব	প্রতিকার ব্যবস্থা
কাঁকড়া চাষীদের কারিগরি ও আর্থিক সহায়তা	উৎপাদনশীল জমির ক্ষতি	ইতিমধ্যে লবণাক্ত প্রবণ পুকুর, অনুর্বর ও পতিত জমি নার্সারি স্থাপন এবং মাটি সংগ্রহের জন্য ব্যবহার করা হবে; কোনও কৃষি/উৎপাদনশীল জমি ব্যবহার করা হবে না।
	পানির লবণাক্ততা	বিদ্যমান লবণাক্ত জলাধার বা ঘেরই কেবল ব্যবহার করা হবে; নিয়মিত বিরতিতে পুকুর বা খামারে মিষ্টি পানি প্রবেশ করানো হবে।
	মাটির লবণাক্ততা	শুধুমাত্র লবণাক্ত জলাশয় ও পুকুর ব্যবহার করা হবে; মাটির লবণাক্ততা দূর করার জন্য জৈব পদার্থ এবং সার ব্যবহার করা হবে; সুষ্ঠুভাবে পানি প্রবেশ এবং বহির্গমন নিষ্কাশন ব্যবস্থা ব্যবহার করা হবে; পুকুর বা খামারের পাড়ে গাছ লাগানো হবে।
	লিঙ্গ বৈষম্য এবং যৌন নিপীড়ন, নির্যাতন ও হয়রানির ঝুঁকি	সচেতনতামূলক সভা পরিচালনা করা হবে; কমিউনিটি পর্যায়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রতিষ্ঠা করা হবে।
	পেশা স্বাস্থ্য এবং নিরাপত্তা	কমিউনিটির মানুষকে শ্রমিক হিসেবে সম্পৃক্ত করা হবে এবং পুরুষ ও নারী শ্রমিকদের জন্য সমান মজুরি নিশ্চিত করা হবে।
		পুকুর তৈরির সময় বেড়া এবং জাল ব্যবহার করা হবে; কাঁকড়ার বর্জ্য, বিশেষ করে মৃত কাঁকড়া মাটিতে পুঁতে ফেলা হবে।

কাঁকড়া চাষের জন্য সাধারণ নির্দেশিকা:

- ❑ চাষের জন্য ১০-২৫ ppt মাত্রার লবণাক্ত পানি ব্যবহার করা। অবশ্যই লক্ষ্য রাখতে হবে যাতে নতুন করে কোন জলাশয়ে কাঁকড়া চাষের উদ্দেশ্যে লবণাক্ত পানির অনুপ্রবেশ করানো না হয়।
- ❑ প্রাকৃতিক উৎসের পরিবর্তে হ্যাচারি ও নার্সারি থেকে সংগৃহীত পোনা ব্যবহার করা।
- ❑ কাঁকড়াকে ছোট মাছ, শামুক, চিংড়ির মাথা বা বিশেষ কৃত্রিম খাদ্য দেওয়া এবং অতিরিক্ত খাবার প্রদান না করা।
- ❑ কাঁকড়া খোলস পাল্টানোর সময়ে বিশেষ যত্ন ও নিরাপত্তা নিশ্চিত করা।
- ❑ পানি পরিষ্কার রাখা, পিএইচ, তাপমাত্রা ও অক্সিজেন মাত্রা নিয়মিত পর্যবেক্ষণ করা।
- ❑ পরিষ্কার ও দূষণমুক্ত পানি ব্যবহার করা।
- ❑ ক্ষতিগ্রস্ত কাঁকড়াকে আলাদা রাখা।
- ❑ প্রয়োজনে প্রশিক্ষিত কারিগরি পরামর্শ গ্রহণ।

কার্যক্রম ০৬: বসতবাড়িতে সবজি চাষ

৩.৬। বসতবাড়িতে সবজি চাষ: জলবায়ু পরিবর্তনের ফলে এবং মনুষ্যসৃষ্ট বিবিধ কারণে চাষযোগ্য জমির পরিমাণ দিন দিন হ্রাস পাচ্ছে। উন্নত প্রযুক্তির ব্যবহারের ফলে খাদ্যশস্য ও শাক-সবজি উৎপাদন বৃদ্ধি পেলেও বর্ধিত জনসংখ্যার তুলনায় অপ্রতুল। বাংলাদেশে মোট আবাদি জমির মাত্র ৩ শতাংশ অর্থাৎ ৪,২৯,০০০ হেক্টর জমিতে শাক-সবজি আবাদ হয়ে থাকে।



বলা বাহুল্য শাক-সবজি আবাদের জন্য এই পরিমাণ জমি খুবই অপ্রতুল। আবার অন্য দিকে এই পরিমাণ শাক-সবজির বেশির ভাগই উৎপাদন হয় শীত মৌসুমে। বছরের অন্যান্য সময় শাক-সবজির যোগান খুবই অপর্যাপ্ত। এছাড়াও বাংলাদেশের দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকায় লবণাক্ততা বৃদ্ধির কারণে শাক-সবজি উৎপাদন ব্যহত হয়ে থাকে। এ কারণে RHL প্রকল্পের মাধ্যমে বসতবাড়ির আশেপাশের পতিত জমিতে বছরব্যাপী বিভিন্ন মাত্রায় লবণাক্ততা সহনশীল শাক-সবজি উৎপাদনের উদ্যোগ নেয়া হয়েছে। এতে একদিকে যেমন পতিত জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত হবে অন্যদিকে পরিবারের সদস্যদের কাছে সারা বছর বিভিন্ন প্রকার শাক-সবজি সহজলভ্য হবে এবং অধিক পরিমাণে শাক-সবজি গ্রহণের মাধ্যমে সুস্বাস্থ্য নিশ্চিত হবে।

মৌসুম ভিত্তিক সবজির শ্রেণীবিন্যাস:

১. শীতকালীন বা রবি সবজি: যে সকল সবজি শীতকালে (অক্টোবর-মার্চ) চাষ করা হয় তাদেরকে শীতকালীন বা রবি সবজি বলা হয়। কপি গোত্রের বিভিন্ন সবজি (বাধাকপি, ওলকপি, শালগম, ফুলকপি), আলু, টমেটো, শিম, বরবটি, লাউ, মুলা, লালশাক, পালংশাক ইত্যাদি শীতকালীন সবজি।

২. গ্রীষ্মকালীন বা খরিফ সবজি: যে সকল সবজি গ্রীষ্মকালে (এপ্রিল-সেপ্টেম্বর) চাষ করা হয় সেগুলোকে গ্রীষ্মকালীন বা খরিফ সবজি বলা হয়।

কুমড়া জাতীয় সবজি (চাল কুমড়া, মিষ্টি কুমড়া), টেঁড়স, পুঁইশাক, ডাঁটা, চিচিঙ্গা ইত্যাদি সবজি গ্রীষ্মকালে চাষ করা হয়।

৩. উভয়-মৌসুমি সবজি: বেগুন, মরিচ, টেঁড়স, লালশাক, কলমিশাক, পেঁপে ইত্যাদি উভয় মৌসুমে জন্মানো যায়। যে সকল সবজি বছরের যে কোনো সময় চাষ করা যায় তাদেরকে উভয় মৌসুমি সবজি বলা হয়।



সবজী চাষের জন্য সাধারণ নির্দেশনা

১। পর্যাপ্ত চাষ ও মই দিয়ে মাটি বুরবুরে ও ঢেলামুক্ত করতে হবে।

২। চাষের গভীরতা ২৫-৩০ সেমি (প্রায় ১ফুট) হওয়া প্রয়োজন।

৩। জমির আগাছা শেকড়সহ বাছাই করে বেড তৈরি করতে হবে।

৪। বেড তৈরির সময় জমিতে জৈব সার যেমন- পচা গোবর বা কম্পোস্ট সার বেডের মাটিতে ভালোভাবে মিশিয়ে দিতে হবে।

৫। বেডের প্রস্থ ৩ ফুট এবং দৈর্ঘ্য জমির আকারের সাথে মিল রেখে করতে হবে।

৬। দুই বেডের মধ্যে ১ফুট ফ্রেন রাখতে হবে এবং সবজি মাদা তৈরিতে ১.৫ হাত×১.৫ হাত×১.৫ হাত মাপের গর্ত তৈরি করতে হবে।

৭। গর্তের মাটি তুলে গর্তের পাশে রেখে দিতে হবে এবং ৩:১ অনুপাতে মাটি ও গোবর/কম্পোস্ট সার মিশিয়ে গর্ত ভরাট করতে হবে।

৮। গর্ত করে মাদা তৈরি করে তার চার দিকে সুন্দর করে বেড়া দিতে হবে।

৯। সবজি চাষের জন্য বস্তা তৈরির সময় প্রতিটি বস্তা রোদে শুকিয়ে জীবাণু/পোকা-মাকড় মুক্ত করতে হবে এবং প্রতিটি বস্তায় অর্ধেক পরিমাণ বুরবুরে মাটি ও অর্ধেক পরিমাণ শুকনো গোবর/প্রয়োজনীয় পরিমাণ কেঁচো সার প্রয়োগ করতে হবে।

১০। বস্তা এমন জায়গায় স্থাপন করতে হবে যেন লবণাক্ত পানির সংস্পর্শে না আসে।

১১। বস্তায় লতা জাতীয় (মিষ্টি কুমড়া, চাল কুমড়া, ঝিংগা, চিচিংগা, লাউ, সিম ইত্যাদি) ও মসলা জাতীয় (আদা) বস্তা পদ্ধতিতে চাষ করা ভালো।

১২। চারা গজানোর পর থেকে ফুল ধরা পর্যন্ত সবজির পানি চাহিদা ক্রমান্বয়ে বাড়তে থাকে। তারপর এ চাহিদা আবার কমতে থাকে। পানি সেচের ক্ষেত্রে এই বিষয়টি লক্ষ্য রাখতে হবে।

১৩। সবজি ফসল ২-৩ দিনের বেশি জলাবদ্ধতা সহ্য করতে পারে না, তাই সবজি বেড়ে পানি জমাট বাঁধতে দেওয়া জাবে না।

১৪। শীত মৌসুমে সবজি চাষে বেশি সেচের প্রয়োজন হয়। আবার গ্রীষ্মকালে খরাজনিত কারণে সবজির সেচ অপরিহার্য হয়ে পড়ে। সাধারণত বৃষ্টি না থাকা অবস্থায় সবজির ফুল আসা পর্যন্ত জমিতে প্রতি ৩-৬ দিন অন্তর সেচ দেওয়া যেতে পারে।

১৫। বসতবাড়ির সবজি বাগানে আগাছার উপদ্রব তুলনামূলকভাবে কম হয়। সবজি বেড়ে আগাছা হলে তা সময় মতো নিড়ানি দিয়ে পরিষ্কার করে দিতে হবে। তবে নিড়ানি দেওয়ার সময় যাতে গাছের গোড়ার শেকড় কেটে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে।

১৬। সবজির মাদায় আগাছা দেখা মাত্রই তা হাত দিয়ে টেনে তুলে বা নিড়ানি দিয়ে পরিষ্কার করে দিতে হবে।

১৭। মাটির আর্দ্রতা ধরে রাখার জন্য Mulching দেয়া যেতে পারে।

কার্যক্রম ০৭: বসতবাড়িতে বনায়ন

৩.৭। বসতবাড়িতে বনায়ন: ভৌগোলিক অবস্থান ও জলবায়ুগত কারণে বাংলাদেশ পৃথিবীর অন্যতম সর্বাধিক দুর্যোগপ্রবণ দেশ। বাংলাদেশের উপকূলীয় এলাকায় জলবায়ু পরিবর্তন জনিত প্রাকৃতিক দুর্যোগগুলোর মধ্যে ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, উপকূলীয় বন্যা ও উচ্চমাত্রার জোয়ার (High Tide) অন্যতম। জলবায়ু পরিবর্তনের কারণে বর্তমানে এ সকল প্রাকৃতিক দুর্যোগগুলোর ধরণ, তীব্রতা এবং সংঘটনমাত্রায় পরিবর্তন হচ্ছে।



ফলে উপকূলীয় এলাকার ঘরবাড়ি প্রায়ই পানিতে নিমজ্জিত হয় এবং দুর্যোগকালীন সময়ে আক্রান্ত মানুষ ঘরবাড়ি ছেড়ে আশ্রয়কেন্দ্রে অথবা উঁচু বাধে আশ্রয় নেয়। এ সময়ে তাদের অনেক সম্পদ নষ্ট হয় অথবা হারিয়ে যায়। ফলে তাদের সামাজিক নিরাপত্তাসহ জীবিকায়ন হুমকির মুখে পড়ছে। এই ঝুঁকি প্রশমনের লক্ষ্যে এবং দরিদ্র জনগোষ্ঠীকে এই প্রাকৃতিক বিপদের সাথে খাপ খাইয়ে চলার সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্পের আওতায় সংশ্লিষ্ট এলাকায় বসতভিটা উঁচুকরণের কাজ হাতে নেয়া হয়েছে। কিন্তু উঁচুকৃত বসতভিটা সঠিক রক্ষণাবেক্ষণ না করলে পরবর্তী বন্যায় সব মাটি ধুয়ে যাবে এবং বসতভিটা উঁচুকরণের কাজটি টেকসই হবে না।

তাই উঁচুকৃত বসতভিটা টেকসই করতে RHL প্রকল্পের আওতায় নানাবিধ কাজ নেয়া হয়েছে। যেমন: ভিটা উঁচুকরণের পর ঢালের চারিদিকে দুর্বাঘাস রোপণ করা ও বসতভিটায় বৃক্ষ রোপণ করা। এছাড়াও ঢালের উপর বাঁশ, কলাগাছ, নারিকেল গাছ, সুপারিগাছ, খেজুর গাছসহ বিভিন্ন গাছ যা সংশ্লিষ্ট পরিবেশের সাথে যুতসই তা রোপণ করা। ব্যাপকভাবে বিভিন্ন জাতের ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপণ করা। প্রায় প্রতিটি বসতবাড়িতে কৃষি বনায়নের অস্তিত্ব থাকলেও যথাযথ পরিকল্পনার অভাবে তা থেকে আশানুরূপ ফল পাওয়া যায় না। ফলে ধারণাটি পুরনো হলেও মানুষ এটা নিয়ে খুব একটা ভাবে না। অথচ পরিকল্পনামাফিক বসতবাড়িতে কৃষি বনায়নের মাধ্যমে একটি পরিবারের খাদ্যের চাহিদা মেটানো সম্ভব। একটি আদর্শ বসতবাড়ির কৃষি বনায়ন ধারা গড়ে তোলার জন্য নিম্নলিখিত প্রধান দিকগুলো বিবেচনায় রাখতে হবে-

১. বসতবাড়ির চারপাশের সীমানায় বেড়া হিসেবে মান্দার, ভেরেন্ডা, পলাশ, জিগা ইত্যাদি উদ্ভিদ ব্যবহার করা যেতে পারে। এতে বসতবাড়ির সীমানা নির্ধারণ ছাড়াও সুরক্ষার কাজও করবে।
২. বসতবাড়ির আঙিনার ফাঁকা স্থানে আম, জাম, কাঁঠাল, লিচু, পেয়ারা, বেল, পেঁপে, নিম, বহেড়া, হরীতকী, তুলসী, সজিনা, নারিকেল, সুপারি, বকুল ইত্যাদি গাছ রোপণ করা যায়।
৩. বসতবাড়ির সীমানায় পুকুর থাকলে সেখানে বিভিন্ন ধরনের মাছের চাষ করতে হবে। পুকুরের পাড়ে বিভিন্ন ধরনের বৃক্ষরোপণ (নারিকেল, সুপারি, ইপিল-ইপিল, মেহগনি, খেজুর, কড়ই ইত্যাদি) করতে হবে। এতে গরমের সময় মাছের উপকার হয়। এখানে বেশি শিকড়বিশিষ্ট গাছ লাগালে পুকুরের পাড়ের মাটি ভাঙবে না।
৪. বিভিন্ন ছায়াসহনশীল উদ্ভিদ যেমন- আদা, হলুদ ইত্যাদি দুই বৃক্ষের মাঝে লাগাতে হবে।
৫. সর্বোপরি স্থান-অবস্থান, উদ্দেশ্য, প্রয়োজনীয়তা, সামর্থ্য, সহজপ্রাপ্যতা ইত্যাদি বিবেচনা করে বসতবাড়ির কৃষি বনায়ন ধারার উপাদানগুলো নির্বাচন করতে হবে এবং যথাযথ নিয়মে এর পরিচর্যা করতে হবে।
- ৬। দ্রুত বর্ধনশীল ফলজ এবং বনজ বৃক্ষের সমন্বয়ে একটি বহুমুখী ব্যবহারযোগ্য বসতবাড়ি বাগান গড়ে তোলা যেতে পারে। এতে করে খাদ্যের চাহিদা মেটানোর সঙ্গে সঙ্গে বনভূমির পরিমাণ বৃদ্ধি পাবে এবং সে সঙ্গে পরিবেশের ভারসাম্য রক্ষা হবে।
- ৭। সাধারণত সারা বছর গাছের চারা রোপণ করা গেলেও আমাদের দেশে বর্ষা মৌসুমে গাছের চারা রোপণের উত্তম সময়। কারণ বর্ষা মৌসুমে একদিকে বাতাসের আর্দ্রতা বেশি থাকে অপরদিকে মাটিতে রসের পরিমাণও যথেষ্ট থাকে। যা রোপিত চারা সতেজ রাখতে সহায়ক। আবার অতিরিক্ত বৃষ্টির সময় বৃক্ষরোপণ করা ঠিক নয়। কারণ এ সময় মাটিতে অতিরিক্ত পানি জমে থাকে এবং গাছের শিকড়ের শ্বাস-প্রশ্বাসে ব্যাঘাত ঘটে, ফলে শিকড় পচে যায় এবং চারা মরে যায়।
- ৮। রোপিত চারাকে অবশ্যই প্রবল বাতাস, শিলাবৃষ্টি এবং জীব-জন্তুর হাত থেকে রক্ষা করতে হবে।
- ৯। ঝড়ের হাত থেকে রক্ষা করার জন্য খুঁটি ব্যবহার করতে হবে। ৫ সে. মি. কাঠের খুঁটি অথবা ২.৫ সেমি. ব্যাসের স্টিলের খুঁটি ব্যবহার করা যেতে পারে। খুঁটি তারের ভিতর দিক থাকা বাঞ্ছনীয়।

১০। বায়ু চলাচলের সুব্যবস্থা যুক্ত খাঁচা দিয়ে গাছকে জীব-জন্তুর হাত থেকে বাঁচিয়ে রাখতে হবে।

১১। তার জাল বা পাতলা মশারির নেট দিয়ে চারার চারদিক ঘিরে দেয়া উত্তম।

১২। বসত বাড়িতে বৃক্ষ রোপণের সময় দক্ষিণ ও পূর্ব পার্শ্বে অপেক্ষাকৃত খর্বাকৃতির এবং যেসব গাছের ডাল-পালা কম হয় সেগুলো নির্বাচন করতে হবে যাতে খোলামেলা বাতাস সহজেই বাড়িতে প্রবেশ করতে পারে।

১৩। উত্তর পার্শ্বে অপেক্ষাকৃত উঁচু প্রকৃতির গাছের চারা এবং পশ্চিম পার্শ্বে মাঝারি আকৃতির গাছ লাগানো উপযোগী।

১৪। বাড়ির দক্ষিণ পার্শ্বে পেয়ারা, ডালিম, লেবু, পেঁপে প্রভৃতি ধরনের গাছ রোপণ করা যেতে পারে।

১৫। দুই একটা নিমগাছ রোপণ করলে স্বাস্থ্যকর বিশুদ্ধ বাতাস পাওয়া যায়।

১৬। ছায়াযুক্ত উঁচু জায়গায় বস্তায় আদা ও হলুদের চাষ করা যেতে পারে।

১৭। বাড়ির গেটে কিছু বাহারী গাছ রোপণ করে বাড়ির সৌন্দর্য বৃদ্ধি করা যায়।

১৮। বাড়ির ঢালে ধৈষ্ঠা বীজবপন করে মাটি সংরক্ষণ ও উন্নয়নের পদক্ষেপ নেয়া যায়।

১৯। কলা গাছ রোপণ করে বাড়তি পুষ্টি ও আর্থিক আয়ের ব্যবস্থা করা যায়। বন্যার সময় কলা গাছের ভেলা বন্যা প্লাবিত বাসিন্দাদের জরুরি বাহন হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

২০। পোকার আক্রমণ বেশি হলে সমন্বতি বালাই দমন ব্যবস্থাপনা (আইপিএম) অবলম্বন করতে হবে।

২১। বেড তৈরির সময় জমিতে জঁবে সার যেমন পচা গোবর বা কম্পোস্ট সার বেডের মাটিতে ভালোভাবে মিশিয়ে দিতে হবে।

২২। জৈব সার ব্যবহার এর উপর জোর দিতে হবে।

২৩। কীটপতঙ্গের উপদ্রব সহনশীল জাতের ব্যবহার বাড়াতে হবে।

২৪। জৈবিক (বায়োলোজিক্যাল) এবং ফেরোমন ফাঁদ এর ব্যবহার বাড়াতে হবে।

২৫। স্থানীয় প্রজাতির উদ্ভিদ বৃদ্ধিতে উৎসাহিত করতে হবে।

২৬। ভূপৃষ্ঠের পানি দ্বারা সেচ এর উপর জোর দিতে হবে।

২৭। সেচের পানিরস পরিকল্পনা ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রয়োজনে সেচের জন্য স্প্রে পদ্ধতি এর ব্যবহার নিশ্চিত করতে হবে।

২৮। বৃষ্টির পানির ব্যবহার বৃদ্ধি নিশ্চিত করতে হবে।

২৯। ফসলের অবশিষ্টাংশ সার হিসাবে ব্যবহার করার উপর জোর দিতে হবে।

৩০। পরিশিষ্ট-৬ এ উল্লেখিত নিষিদ্ধ রাসায়নিকগুলোর ব্যবহার করা যাবে না।

কার্যক্রম০৮: বর্জ্য ব্যবস্থাপনা

৩.৮। বর্জ্য: বিভিন্ন উৎস থেকে আসা যেসব পদার্থ মানুষের দৈনন্দিন জীবনে কাজে আসে না তাকে বর্জ্য বলে। আমাদের দৈনন্দিন জীবন থেকে নানান ধরনের বর্জ্য তৈরি হয় যেমন: রান্নাঘরের ফেলে দেওয়া খাদ্য, শাকসবজির খোসা, পাতা, গবাদি পশুর গোবর, ছাগলের মাচার বর্জ্য, মাছ-মাংসের উচ্ছিষ্ট, পলিথিন, কাগজের প্যাকেট প্রভৃতি। এদের অনেকটাই জৈব বর্জ্য, যা সঠিকভাবে ব্যবস্থাপনা করলে মাটির উর্বরতা বৃদ্ধিতে কাজে লাগানো যায়। এভাবে বর্জ্য থেকে তৈরি জৈব সার পরিবেশবান্ধব, খরচ সাশ্রয়ী এবং টেকসই কৃষির জন্য অত্যন্ত উপযোগী।

৩.৮.১। গৃহস্থলি বর্জ্য:

আমাদের প্রতিদিনের রান্নার ফলে যে শাকসবজি, তরকারির খোসা, মাছ-মাংসের উচ্ছিষ্ট ইত্যাদি উৎপন্ন হয় কিংবা পলিথিন, কাগজের প্যাকেট, ছেঁড়া কাপড় প্রভৃতি সবই গৃহস্থলি বর্জ্য। অর্থাৎ যেসব বর্জ্য আমাদের ঘরে উৎপন্ন হয় তাই গৃহস্থলি বর্জ্য।

৩.৮.২। বর্জ্য ব্যবস্থাপনা:

আবর্জনা সংগ্রহ, পরিবহন, প্রক্রিয়াজাতকরণ, পুনর্ব্যবহার (Reuse) এবং নিক্ষেপনের সমন্বিত প্রক্রিয়াকে বর্জ্য ব্যবস্থাপনা বুঝায়। আমাদের প্রতিদিনের উৎপন্ন আবর্জনা যেমন- শাকসবজি, তরকারির খোসা, মাছ-মাংসের উচ্ছিষ্ট, পলিথিন, কাগজের প্যাকেট প্রভৃতি সংগ্রহ, নির্দিষ্ট স্থানে নিয়ে যাওয়া, পরিশোধন করা সবকিছু মিলেই বর্জ্য ব্যবস্থাপনা।

১। ঘর বাড়ির আশপাশ পরিষ্কার রাখার জন্য সবাইকে উদ্বুদ্ধ করতে হবে।

২। বর্জ্য পরিশোধন পদ্ধতি রাখতে হবে। 'খোলা স্থানে' আবর্জনা ফেলা যাবে না। প্রয়োজনে গর্ত করে তার মধ্যে পচনশীল আবর্জনা জৈব সারে পরিণত করে জমিতে ব্যবহার করতে হবে।

৩। পচনশীল আবর্জনা থেকে সার তৈরি করার জন্য প্রকল্পে অংশগ্রহণকারীদের উদ্বুদ্ধ করতে হবে।

৪। কেঁচো সার/গর্তে সার উৎপাদনের জন্য উদ্বুদ্ধ করা যেতে পারে।

৩.৮.৩। বর্জ্যের সুষ্ঠু ব্যবস্থাপনায় জৈব সার ও কেঁচো সার উৎপাদন:

ক) জৈব সার:

জৈব সার হচ্ছে সেসব সার যা কোনো জীবের দেহ থেকে প্রাপ্ত হয় অর্থাৎ উদ্ভিদ বা গাছপালা বা প্রাণির ক্ষেত্রসাবশেষ থেকে প্রস্তুত করা যায়। যেমন: গোবর সার, সবুজ সার, খৈল ইত্যাদি।

৩.৮.৪। কম্পোস্ট সার প্রস্তুত প্রণালী: কম্পোস্ট হলো স্বল্পমূল্যে বা বিনামূল্যে প্রাপ্ত জৈব সার যা স্থানীয়ভাবে সহজেই সংগ্রহযোগ্য। বিভিন্ন প্রকার জৈব উপকরণ দ্বারা এ সার প্রস্তুত করা হয়। উপকরণের উপর ভিত্তি করে সার তৈরিতে দুই সপ্তাহ থেকে তিন সপ্তাহ সময় লাগে। উপকরণগুলি সম্পূর্ণরূপে পচে যাওয়ার পর কম্পোস্ট হিসেবে ব্যবহৃত হয়। দুইটি পদ্ধতিতে কম্পোস্ট সার প্রস্তুত করা যায়, যথা- গর্ত পদ্ধতি ও স্তুপ পদ্ধতি। বাংলাদেশে বেশিরভাগই পিট বা গর্ত পদ্ধতির মাধ্যমে কম্পোস্ট সার প্রস্তুত করা হয়। এই পদ্ধতির প্রধান দুটি অসুবিধা হলো প্রথমত সময় বেশি লাগে, দ্বিতীয়ত সরাসরি কাঁচা মাটিতে গর্ত করলে বেশির ভাগ পুষ্টি উপাদান গর্তে ও চারিধারের মাটি শোষণ করে।



এ পদ্ধতিতে শাকসবজি বা ফলের অবশিষ্টাংশ, ঘাস লতাপাতা, অব্যবহৃত কাঠের ব্রাশ, চা বা কফির ফেলে দেয়া গুড়ো, ঘুণে ধরার ফলে সৃষ্ট কাঠের গুঁড়ো, গৃহপালিত পশুর বর্জ্য, এসব দিয়ে তৈরি করা যেতে পারে কম্পোস্ট সার। শুধু ঘাস-লতাপাতা, সবজি বা ফলমূলের অবশিষ্টাংশ মাটিতে গর্ত করে পুঁতে ফেলতে হবে কিংবা একটি ঝুড়িতে রেখে দিতে হবে। এটার জন্য আর কোনো রক্ষণাবেক্ষণ করতে হবে না। কিন্তু এই পদ্ধতিতে সার তৈরি হতে কয়েক মাস, এমনকি বছরও লেগে যেতে পারে। তবে যাদের বাড়িতে আবর্জনার পরিমাণ কম, যারা মিশ্র সার তৈরিতে খুব বেশি সময় ব্যয় করতে পারবেন না, তাদের জন্য এই পদ্ধতি খুব কাজে দিবে। দিনে একবার কম্পোস্ট সারের জন্য ব্যবহৃত উপাদানগুলোকে নেড়ে দিতে হবে। এ পদ্ধতিতে সরাসরি মাটিতে গর্ত করে আবর্জনা স্তুপাকারে রেখে দিয়ে ঢেকে দিতে হবে। স্তুপ এর সাথে চাইলে কিছু মাটিও মিশিয়ে দেয়া যাবে। এতে আবর্জনার পচন দ্রুত হবে। কারণ, মাটিতে এমন কিছু ক্ষুদ্র ক্ষুদ্র জীবাণু থাকে যারা বিভিন্ন জৈব পদার্থকে দ্রুত পচিয়ে দিতে পারে। আবর্জনার স্তুপটিতে প্রতিদিন পরিমিত পরিমাণে পানি দিতে হবে যেন সার তৈরির উপাদানগুলো আর্দ্র থাকে, কিন্তু ভিজ়ে চুপচুপে না হয়ে যায়। কারণ, এতে দুর্গন্ধের সৃষ্টি হবে। যখন আবর্জনাগুলো পচে যেতে থাকবে তখন সেখান থেকে তাপ উৎপাদিত হবে। তাই মাঝে মাঝে আবর্জনার স্তুপ নেড়ে ভালোভাবে মিশিয়ে দিতে হবে। এভাবে এক থেকে তিন মাসের মাঝে ঘরের আবর্জনা থেকে তৈরি করা যাবে কম্পোস্ট বা জৈব সার। অপরদিকে হিপ বা স্তুপ পদ্ধতির মাধ্যমে উৎকৃষ্ট মানের কম্পোস্ট প্রস্তুত করা যায়। স্তুপ পদ্ধতির মাধ্যমে বিভিন্ন প্রকারের কম্পোস্ট তৈরি করা হয়। চাহিদা অনুযায়ী এর আকার ও আয়তন কম বেশি হতে পারে। তবে চওড়ায় ৪ ফুট এবং উচ্চতায় ৫ ফুট হওয়া প্রয়োজন। এধরনের স্তুপে একাধিক প্রকোষ্ঠ বা খোপ থাকা ভালো। সর্বনিম্ন স্তরে এক ফুট খামার এর আবর্জনার স্তর (ঘাস পাতা, খাবার উচ্ছিষ্টাংশ) দিতে হবে। সর্বোচ্চ স্তরে আধাফুট উৎকৃষ্ট মানের মাটি ও গোবর/লিটার সারের মিশ্রণ দিতে হয়। যদি সম্ভব হয়, তবে কম্পোস্ট স্তুপটি একটি ছাউনি দিয়ে ঢেকে দিতে হবে।

যদি তা না হয়, তবে অন্তত এমন কিছু দিয়ে ঢাকতে হবে যাতে বৃষ্টির পানি থেকে রক্ষা পায়। কিছুদিনের মধ্যে স্তুপের ভিতরের দিকে খুব গরম হতে থাকবে তখন বুঝা যাবে উপকরণগুলি পচতে শুরু করেছে। একে বেশি শুকানো বা ভেজা রাখা যাবে না। সম্পূর্ণরূপে পচে না যাওয়া পর্যন্ত উপকরণগুলি প্রতি সপ্তাহে একবার করে একই বা ভিন্ন ভিন্ন প্রকোষ্ঠের মধ্যে ওলট পালট করে দিতে হবে। ৩ থেকে ৪ সপ্তাহের মধ্যে উর্বর কালো মাটির মত কম্পোস্ট তৈরি হবে।

৩.৮.৫। কম্পোস্ট সারের উপকারিতা:

- ১। মাটির উর্বরতা বৃদ্ধি করে।
- ২। ফসলের গুণমান ও উৎপাদন বৃদ্ধি পায়।
- ৩। মাটির পানি ধারণক্ষমতা বাড়ায়।
- ৪। পরিবেশ দূষণ রোধ করে ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে।
- ৫। রাসায়নিক সারের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা করে।
- ৬। খরচ কমায়।
- ৭। উৎপাদিত সবজির স্বাদ বাড়ায় ও স্বাস্থ্যের জন্য নিরাপদ।



খ) ভার্মি কম্পোস্ট (কঁচো সার): ভার্মি-কম্পোস্ট বা কঁচো সার হলো একটি জৈব সার, যা কঁচোর মাধ্যমে গৃহস্থালির জৈব বর্জ্য ও গোবর পচিয়ে তৈরি হয়। এতে রাসায়নিক পদার্থ না থাকায় এটি মাটির জন্য অত্যন্ত উপকারী এবং পরিবেশবান্ধব। এটি বর্জ্য থেকে মিথেন উৎপাদন বন্ধে সহায়তা করে ফলে জলবায়ু পরিবর্তনের একটি প্রশমন কৌশল হিসেবেও কাজ করে।

৩.৮.৬। কঁচো সার প্রস্তুত পদ্ধতি: সার প্রস্তুত করার প্রথম ধাপে দরকার হবে সার প্রস্তুতকরণের জায়গা নির্ধারণ। জায়গা নির্ধারণ করার ক্ষেত্রে বাড়ির কোন এক পতিত জায়গাকে বেছে নিতে হবে। প্রথমে স্যানিটারি রিং এর ধারণ ক্ষমতা অনুযায়ী পরিমাণমত কাঁচা গোবর ও আবর্জনা সংরক্ষণ করতে হবে। সংগৃহীত কাঁচা গোবর ও আবর্জনা গাঁদা করে পলিথিন অথবা পলিথিনের বস্তা দিয়ে ছায়া যুক্ত স্থানে মাটির উপরে অথবা মাটিতে গর্ত করে ৬-৮ দিন ঢেকে রাখতে হবে। এরপর কোদাল অথবা বেলচা দিয়ে উক্ত মাটিগুলো ওলট-পালট করে দিতে হবে যাতে করে গোবরে ৪০-৫০% আদ্রতা থাকে। যদি আদ্রতা না থাকে তাহলে গোবরের উপরে হালকা করে পানি ছিটিয়ে দিতে হবে। এভাবে ওলট-পালট করতে করতে যখন গোবর কালচে রং ধারণ করবে এবং গোবরের কাঁচা গন্ধ বা ঝাঁঝালো গন্ধ বের হয়ে যাবে তখন মনে করতে হবে স্যানিটারি রিং বা চারিতে ঢালার জন্য উপযোগী হয়েছে। এবার পচানো গোবর স্যানিটারি রিং বা চারিতে ঢালতে হবে। লক্ষ্য রাখতে হবে যেন স্যানিটারি রিং বা চারিতে কমপক্ষে দুই ইঞ্চি পরিমাণ খালি থাকে। তা না হলে রিং বা চারি হতে কঁচোগুলো বের হয়ে যেতে পারে।

প্রতি ১৫০ কেজি গোবর ও আবর্জনা মিশ্রণে নির্দিষ্ট প্রজাতির প্রায় ২০০০ টি কেঁচো দিতে হবে। পরবর্তীতে স্যানিটারি রিং বা চারিকে মশারি বা নেট দিয়ে ঢেকে দিতে হবে। কেননা কেঁচোর অন্যতম শত্রু যেমন-পিঁপড়া, মুরগি, উইপোকা, ইঁদুর ও তেলাপোকা ইত্যাদির হাত থেকে রক্ষা করার জন্য মশারি বা নেট জাল দিয়ে ঢেকে দিতে হবে। কেঁচোর প্রধান শত্রু লাল পিঁপড়া। কেঁচোর ডিমগুলোকে লাল পিঁপড়ার হাত থেকে রক্ষা করার জন্য পরিমাণ মতো মরিচের গুড়া, হলুদের গুড়া, ডিটারজেন্ট পাউডার এবং লবণ একত্রে মিশিয়ে স্যানিটারি রিং বা চারির চারপাশে বর্ডারের মত করে দিতে হবে।



যাতে করে লাল পিঁপড়া কেঁচোর ডিমগুলোকে আক্রমণ করতে না পারে। এরপর বায়ু চলাচল করতে পারে এমন বস্তা বা চালা নির্বাচন করে উক্ত স্যানিটারি রিং বা চারির উপরে ঢেকে দিতে হবে। সেই সাথে স্যানিটারি রিং বা চারির উপরে দেওয়া বস্তা বা চালার উপরে একটু হালকা করে পানি ছিটিয়ে দিতে হবে। তবে লক্ষ্য রাখতে যেন পানির পরিমাণ খুব বেশী না হয় কারণ পানির পরিমাণ বেশি বা কম হলে উভয় অবস্থায় কেঁচো মারা যেতে পারে। স্যানিটারি রিং বা চারি অবস্থিত গোবরের উপরের অংশ কেঁচোর খাওয়া শেষ হয়ে গেলে পানি ছিটানো বন্ধ করে দিতে হবে। সঠিকভাবে যত্ন নিলে ৩০-৪০ দিনের মধ্যে কেঁচো সার প্রস্তুত হয়ে যাবে। কেঁচোর সংখ্যার উপর ভিত্তি করে সার তৈরীর সময় নির্ভর করে। সংখ্যা বেশী হলে দ্রুত কেঁচো সার তৈরি হবে। কেঁচো সার দেখতে চায়ের গুড়ার মত। সার তৈরি হওয়ার পর চৌবাচ্চা হতে সতর্কতার সাথে কম্পোস্ট তুলে চালুনি দিয়ে চালতে হবে। সার আলাদা করে কেঁচোগুলো পুনরায় কম্পোস্ট তৈরির কাজে ব্যবহার করতে হবে। কেঁচো সার বাজারের চাহিদা অনুযায়ী/ নিজস্ব ব্যবহারের জন্য নির্দিষ্ট সাইজের প্যাকেট/ বস্তা ভর্তি করে রাখা যেতে পারে।

৩.৮.৭। ভার্মি-কম্পোস্টের উপকারিতা:

- মাটির উর্বরতা ও গঠন উন্নত করে।
- জমির পানি ধারণক্ষমতা বৃদ্ধি করে।
- ফসলের গুণগত মান ও উৎপাদন বৃদ্ধি করে।
- রাসায়নিক সারের ব্যবহার কমায়।
- মাটির ক্ষতিকর জীবাণু দমন করে উপকারী জীবাণুর পরিমাণ বাড়ায়।
- দীর্ঘমেয়াদে জমিকে স্বাস্থ্যকর ও টেকসই রাখে।
- পরিবেশবান্ধব ও খরচসাশ্রয়ী পদ্ধতি।

চতুর্থ অধ্যায়

সামাজিক ব্যবস্থাপনা এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRM)

৪.১। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী অন্তর্ভুক্তিকরণ ও পরিকল্পনা: ক্ষুদ্র-নৃগোষ্ঠীদের সনাক্তকরণ, তাদের উপর প্রকল্পের প্রভাব, জলবায়ু প্রশমন সংশ্লিষ্ট কর্মকাণ্ডে উপযুক্ত সময়ে তাদের সম্পৃক্তকরণ এবং প্রয়োজ্যক্ষেত্রে, প্রকল্পে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের অংশগ্রহণ প্রস্তুতির জন্য পিকেএসএফ RHL- প্রকল্প ক্ষুদ্র-নৃগোষ্ঠী পরিকল্পনা তৈরী করেছে। বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের ঝুঁকিপূর্ণ জনগণের জন্য স্থিতিস্থাপক বসতবাড়ি এবং জলবায়ু সহনশীল জীবিকা উন্নয়নের লক্ষ্যে প্রকল্প পরিকল্পনা, বাস্তবায়ন এবং সুবিধা বন্টনে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পূর্ণ, ন্যায়সঙ্গত এবং সাংস্কৃতিকভাবে উপযুক্ত অংশগ্রহণ নিশ্চিত করার জন্য ক্ষুদ্র-নৃগোষ্ঠী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এই পরিকল্পনাটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের সাথে পরিচালিত প্রাথমিক সামাজিক মূল্যায়ন এবং পরামর্শের উপর ভিত্তি করে তৈরি এবং প্রয়োজনীয় প্রতিশ্রুতি এবং পদক্ষেপগুলি নির্ধারণ করে:

- ☐ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের উপর প্রকল্পের প্রতিকূল প্রভাব এড়াতে বা হ্রাস করতে।
- ☐ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এলাকায় কার্যক্রম বাস্তবায়নের আগে নিশর্ত, পূর্ব এবং অবহিত সম্মতি (FPIC) নিশ্চিত করা।
- ☐ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয়, সংস্কৃতি, ঐতিহ্যবাহী জ্ঞান এবং জীবিকা রক্ষা করা।
- ☐ কার্যক্রমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, বিশেষ করে নারী ও যুবকদের পূর্ণ এবং অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করা।
- ☐ জলবায়ু সহনশীল আবাসন, অভিযোজিত জীবিকা এবং ক্ষমতা উন্নয়নসহ প্রকল্পের সুবিধাগুলিতে ন্যায়সঙ্গত অভিজ্ঞতা নিশ্চিত করা।

ছক ১৪: কর্মকাণ্ড বাস্তবায়নে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উপর প্রভাব সম্পর্কিত চেকলিস্ট

ক্রম	প্রভাব নির্ণয়ের সূচক/নির্দেশক	হ্যাঁ	না	প্রয়োজ্য নয়
০১	প্রকল্প এলাকায় কোনো ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উপস্থিতি আছে কি?	✓		
০২	প্রকল্পের কোনো কর্মকাণ্ড ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অধিকৃত ভূমিতে বাস্তবায়িত হওয়ার সম্ভাবনা আছে কি?	✓		
০৩	ক্ষুদ্র নৃগোষ্ঠীর জোরপূর্বক উচ্ছেদ বা সম্পূর্ণ কিংবা আংশিক স্থানচ্যুতির সম্ভাবনা আছে কি?		✓	
০৪	প্রকল্পের কর্মকাণ্ডের ফলে ক্ষুদ্র নৃগোষ্ঠীর মানবাধিকার, অধিকৃত ভূমি, প্রাকৃতিক সম্পদ এবং প্রথাগত জীবিকা ক্ষতিগ্রস্ত হতে পারে কি?		✓	
০৫	প্রকল্পের কার্যক্রম কি ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রাকৃতিক সম্পদ ব্যবহার বা বাণিজ্যিকিকরণে ভূমিকা রাখবে?		✓	
০৬	প্রকল্পের কার্যক্রম ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতি ও ঐতিহ্যের উপর কোনো বিরূপ প্রভাব ফেলবে কি?		✓	
০৭	প্রকল্পের কার্যক্রম ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য সংজ্ঞায়িত উন্নয়ন অগ্রাধিকারকে বাধাগ্রস্ত করার কোনো সম্ভাবনা আছে কি?		✓	
০৮	ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণের অধিকার ও স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে নিশর্ত, পূর্ব এবং অবহিত (FPIC) নেয়ার লক্ষ্যে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট সম্প্রদায়কে অবগত করা হয়েছে কি?	✓		

RHL প্রকল্পের নির্বাচিত কর্ম-এলাকার চারটি জেলায় সর্বমোট ৩৯১ জন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগোষ্ঠী অন্তর্ভুক্ত করা হয়েছে। অন্তর্ভুক্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীগুলি হল রাখাইন, চাকমা, মুন্ডা এবং মাহাতো। সর্বাধিক পরিকল্পিত অন্তর্ভুক্তি খুলনার কয়রার উপজেলায় ১৮০ জন মুন্ডা এবং মাহাতো সদস্য এবং কক্সবাজারের টেকনাফে ৬২ জন চাকমা জনগোষ্ঠী। অন্যান্য উল্লেখযোগ্য অন্তর্ভুক্তির মধ্যে রয়েছে সাতক্ষীরার শ্যামনগরে ১০৮ জন মুন্ডা এবং কক্সবাজারের রামু উপজেলায় রাখাইন জনগোষ্ঠী।

ছক ১৫: ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিকল্পনা

সম্ভাব্য ঝুঁকি	প্রশমন ব্যবস্থা	কার্যক্রম	দায়িত্ব	সময়কাল
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী জীবিকা ব্যাহত হতে পারে	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী অধিভুক্ত সম্পদে হস্তক্ষেপ না করে এবং ঐতিহ্যবাহী পেশাগুলিকে ব্যাহত না করে সহায়তা প্রদানে উদ্যোগ গ্রহণ করা	- কার্যক্রম বাস্তবায়নের পূর্বে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অবস্থান নির্দিষ্ট স্ক্রিনিং করা। - ঐতিহ্যবাহী ব্যবসার জন্য জীবিকা নির্বাহের অনুদান/ঋণ প্রদান করা।	বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (PMU)	কার্যক্রম বাস্তবায়নের শুরতে ও চলমান
প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হতে পারে	অন্তর্ভুক্তিমূলক পরিকল্পনা এবং সুবিধা ভাগাভাগি করা	- FPIC নিশ্চিত করা। - ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নেতা এবং নারী প্রতিনিধিদের সম্পৃক্ত করা। - আবাসন এবং জীবিকা সহায়তা প্রদানে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের অগ্রাধিকার প্রদান করা।	বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ফোকাল পয়েন্ট	প্রকল্প বাস্তবায়নকালীন সময়
অবকাঠামো নির্মাণে সাংস্কৃতিক ও ঐতিহ্যগত নকশা থেকে বিচ্যুতি	নকশা ও বাস্তবায়নে সাংস্কৃতিক ও ঐতিহ্যগত জ্ঞান অন্তর্ভুক্ত করা	- ধর্মীয় উপাসনালয়/সাংস্কৃতিক স্থানে কার্যক্রম পরিহার করা। - স্থানীয় উপকরণ/নকশা ব্যবহার করা। - অবকাঠামো নির্মাণ পরিকল্পনায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রতিনিধিদের সাথে পরামর্শ করা।	বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট, ঠিকাদার এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ফোকাল পয়েন্ট	পরিকল্পনা পর্যায়

সম্ভাব্য ঝুঁকি	প্রশমন ব্যবস্থা	কার্যক্রম	দায়িত্ব	সময়কাল
ভাষা বা যোগাযোগে সীমাবদ্ধতা	সাংস্কৃতিকভাবে উপযুক্ত ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কাছে সহজবোধ্য ভাষায় যোগাযোগ করা	<ul style="list-style-type: none"> - স্থানীয় উপভাষায় উপকরণ অনুবাদ করা। - প্রয়োজনে মৌখিক/দৃশ্যমান যোগাযোগ পদ্ধতি ব্যবহার করা। 	বাস্তবায়নকারী সংস্থা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ফোকাল পয়েন্ট	চলমান
লিঙ্গ বৈষম্য এবং যৌন নিপীড়ন, নির্যাতন ও হয়রানির ঝুঁকি (SEAH)	SEAH প্রতিরোধ এবং লিঙ্গ-সংবেদনশীল পরিকল্পনা নিশ্চিত করা	<ul style="list-style-type: none"> - SEAH সচেতনতা প্রশিক্ষণ - ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংবেদনশীল অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রচলন করা। - ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নারীদের অংশগ্রহণ এবং নিরাপদ কর্ম পরিবেশ নিশ্চিত করা। 	বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট	কার্যক্রম বাস্তবায়নের শুরুতে ও চলমান
নির্মাণ কাজ, কাঁকড়া চাষ বা ছাগল পালনে শিশু শ্রম	শিশু শ্রম অনুশীলন পর্যবেক্ষণ এবং প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা	<ul style="list-style-type: none"> - ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মধ্যে সচেতনতামূলক প্রচারণা - প্রশিক্ষণ এবং সিসিএজি সভায় শিশু সুরক্ষা অন্তর্ভুক্ত করা। - সম্প্রদায়ের প্রতিক্রিয়া পর্যবেক্ষণ করা। 	বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট	নিয়মিত পর্যবেক্ষণ
প্রকল্প পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণ থেকে বিচ্যুতি	FPIC এবং অংশগ্রহণমূলক প্রক্রিয়াগুলিকে প্রাতিষ্ঠানিকীকরণ করা	<ul style="list-style-type: none"> - অন্তর্ভুক্তিমূলক পরামর্শ গ্রহণ করা। - পরিকল্পনা কমিটিতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের সম্পৃক্ত করা - লিঙ্গ-সমতাপূর্ণ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রতিনিধিত্ব নিশ্চিত করা। 	বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট	পরিকল্পনা পর্যায় ও কার্যক্রমের শুরুতে

সম্ভাব্য ঝুঁকি	প্রশমন ব্যবস্থা	কার্যক্রম	দায়িত্ব	সময়কাল
ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংবেদনশীল অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRM) অভাব।	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংবেদনশীল ও গমনযোগ্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRM) স্থাপন করা	- স্থানীয় এলাকায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রতিনিধিত্বকারী GRM সেল স্থাপন করা। - মৌখিক/স্থানীয় উপভাষা পদ্ধতি ব্যবহার করা।	বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট	কার্যক্রম বাস্তবায়নের শুরুতে ও চলমান
বাস্তবায়নের সময় অপ্রত্যাশিত নেতিবাচক প্রভাব	পর্যবেক্ষণের মাধ্যমে অভিযোজিত ব্যবস্থাপনা নিশ্চিত করা	- মাঠ পর্যায়ে প্রতিক্রিয়া পর্যবেক্ষণ ব্যবস্থার প্রচলন করা। - ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রতিনিধিদের নিয়ে কমিউনিটি পর্যবেক্ষণ দল গঠন করা। - বাস্তবতার ভিত্তিতে কৌশলগুলি সংশোধন করা।	বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট	ত্রৈমাসিক পর্যালোচনা

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী উপর সম্ভাব্য প্রতিকূল প্রভাব কমাতে, RHL প্রকল্প অন্তর্ভুক্তি, সুরক্ষা এবং সাংস্কৃতিক সংবেদনশীলতার উপর দৃষ্টি নিবদ্ধ করে একটি বিস্তৃত ব্যবস্থা গ্রহণ করবে। এর মধ্যে রয়েছে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রভাবিত করে এমন যেকোনো কার্যকলাপ বাস্তবায়নের আগে নিশর্ত, পূর্ব এবং অবহিত সম্মতি (FPIC) (পেরিশিষ্ট-০৫) নিশ্চিত করা, সিদ্ধান্ত গ্রহণে সম্প্রদায়ের নেতা এবং নারীদের জড়িত করা এবং স্থান-নির্দিষ্ট পরামর্শ পরিচালনা করা। সাংস্কৃতিক ও সামাজিক সুরক্ষা ব্যবস্থা পবিত্র স্থানগুলির কাছাকাছি হস্তক্ষেপ প্রতিরোধ করবে এবং স্থানীয়ভাবে উপযুক্ত নকশা এবং ভাষার ব্যবহারকে উৎসাহিত করবে। প্রকল্পের সুবিধাগুলিতে ন্যায্য প্রবেশাধিকার এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নারীদের জন্য লক্ষ্যযুক্ত সহায়তার মাধ্যমে সামাজিক অন্তর্ভুক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে। জীবিকা পুনরুদ্ধারের প্রচেষ্টা ঐতিহ্যবাহী অর্থনৈতিক কর্মকাণ্ডকে সমর্থন করবে এবং আদিবাসী সংস্কৃতিকে উন্নীত করবে। লিঙ্গ-ভিত্তিক ঝুঁকি এবং বৈষম্য মোকাবেলায়, প্রকল্পটি SEAH সচেতনতা প্রচারণা বাস্তবায়ন করবে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রতিনিধিত্বসহ গমনযোগ্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রতিষ্ঠা করবে এবং কর্মীদের মানবাধিকার এবং সাংস্কৃতিক সংবেদনশীলতার উপর প্রশিক্ষণ দেবে। সক্রিয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী অংশগ্রহণের সাথে চলমান পর্যবেক্ষণ এবং অভিযোজিত ব্যবস্থাপনা এবং বাস্তবতার উপর ভিত্তি করে কৌশলগুলি সামঞ্জস্য করতে সহায়তা নিশ্চিত করবে।

৪.২। লিঙ্গ বৈষম্য এবং যৌন নিপীড়ন, নির্যাতন ও হয়রানি (SEAH) প্রতিকার পরিকল্পনা:

বাংলাদেশ হাইকোর্ট যৌন হয়রানি এবং মুক্ত শিক্ষা ও কর্ম পরিবেশ নীতি গ্রহণ করেছে এবং দেশের সকল ধরনের প্রতিষ্ঠানে এই নীতি বাস্তবায়নের জন্য রায় দিয়েছে। নীতি অনুসারে, প্রতিটি প্রতিষ্ঠান যৌন নিপীড়ন, নির্যাতন এবং হয়রানির অভিযোগ গ্রহণ, তদন্ত এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের জন্য একটি কমিটি গঠন করবে। পিকেএসএফ কঠোরভাবে এই নীতি অনুসরণ করে।

RHL প্রকল্প বাস্তবায়নের ফলে যৌন নিপীড়ন, নির্যাতন এবং হয়রানি (SEAH) হওয়ার সম্ভাবনা কম। কারণ, নির্বাচিত নারী সদস্যরা সরাসরি অনেক কার্যক্রমে জড়িত থাকবেন যেহেতু এগুলি তাদের বসতবাড়ি এবং পার্শ্ববর্তী এলাকায় বাস্তবায়িত হবে। এছাড়াও, কিছু নারীকে কাঁকড়া খামারে কাজ করার জন্য বাইরে যেতে হতে পারে। খামারে কাজ করার সময় বা বাড়ি থেকে খামারে যাতায়াত করার সময় তাদের SEAH-এর ঝুঁকি থাকতে পারে তবে, ঝুঁকি খুবই সীমিত বা নগণ্য। কিন্তু চ্যালেঞ্জ হল যে যদি কোনও নারী আক্রান্ত হন, তবে তিনি লজ্জা/সংকোচ বা মর্যাদা হারানোর ভয়ের কারণে প্রকাশ করতে চান না। বাস্তবায়নকারী সংস্থা (IE) পর্যায়ে, এমন নারী কর্মী থাকতে পারেন যাদের নির্বাচিত গ্রামে ঘন ঘন ভ্রমণ করতে হবে। এই কর্মীগণও একই ধরনের সমস্যার সম্মুখীন হতে পারে। তদুপরি, কমিউনিটি পর্যায়ে নারী শ্রমিকরা পুকুর এবং খাল পুনঃখননের জন্য মাটি কাটার কাজে অংশগ্রহণ করতে পারে। তারা বিভিন্ন উপায়ে প্রভাবিত হতে পারে যেমন: কর্মক্ষেত্রে স্যানিটেশন সুবিধার অভাব, ইভটিজিং, যৌন হয়রানি ও নিপীড়ন, মজুরি বৈষম্য ইত্যাদি।

ছক ১৬: লিঙ্গভিত্তিক সহিংসতা (GBV) এবং যৌন নিপীড়ন, নির্যাতন এবং হয়রানি (SEAH) সুরক্ষার জন্য কর্ম পরিকল্পনা

চিহ্নিত ঝুঁকি	প্রশমন ব্যবস্থা	দায়িত্ব	বাজেটের উৎস
মজুরি বৈষম্য	- সিসিএজি সভার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা। - নির্মাণ কাজের সময় পুরুষ ও নারী শ্রমিকের সমান পারিশ্রমিক নিশ্চিত করা। - মাঠ পর্যায়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রতিষ্ঠা করা।	বাস্তবায়নকারী সংস্থা ও সিসিএজি সদস্যগণ	অতিরিক্ত বাজেটের প্রয়োজন নেই
কর্মক্ষেত্রে স্যানিটেশন সুবিধার অভাবে যৌন হয়রানি এবং ইভটিজিং	- পুরুষ ও নারী উভয় সদস্যের জন্য কর্মক্ষেত্রে অস্থায়ীভাবে পৃথক স্যানিটেশন সুবিধা নিশ্চিত করা। - মাঠ পর্যায়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রতিষ্ঠা করা।	বাস্তবায়নকারী সংস্থা ও স্থানীয় ঠিকাদার	বাজেট প্রাসঙ্গিক কার্যক্রম থেকে খরচ করতে হবে।

চিহ্নিত ঝুঁকি	প্রশমন ব্যবস্থা	দায়িত্ব	বাজেটের উৎস
কর্মক্ষেত্রে আসা-যাওয়ার পথে যৌন হয়রানি অথবা ইভটিজিং	মাঠ পর্যায়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রতিষ্ঠা করা।	বাস্তবায়নকারী সংস্থা	অতিরিক্ত বাজেটের প্রয়োজন নেই।
বাস্তবায়নকারী সংস্থা পর্যায়ে SEAH এর সাথে সম্পর্কিত ঝুঁকি	<ul style="list-style-type: none"> প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণে সচেতনতা বৃদ্ধির জন্য SEAH এবং GBV সম্পর্কিত সেশন অন্তর্ভুক্ত করা নারী কর্মীদের ব্যক্তিগত চাহিদা বিবেচনা করে নারী কর্মীদের থাকার ব্যবস্থা আলাদাভাবে নিশ্চিত করা। প্রয়োজনীয় নিরাপত্তা এবং গোপনীয়তা বজায় রাখা। 	বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট	বিদ্যমান প্রশিক্ষণ বাজেট

৪.৩: ষ্টেকহোল্ডার অন্তর্ভুক্তি পরিকল্পনা (SEP):

প্রকল্পের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহীতার মাধ্যমে প্রকল্পটি সর্বোত্তম অনুশীলন এবং নীতিমালা ব্যবহার করে অংশীদারদের সম্পৃক্ততা নিশ্চিত করবে। যাতে প্রকল্পটি নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করবে:

- প্রকল্প বাস্তবায়নের শুরুতে কমিউনিটিকে বোঝা, সংশ্লিষ্ট কার্যক্রমে জড়িত করা এবং চিহ্নিত করা এবং কার্যকরভাবে অংশগ্রহণ নিশ্চিত করা।
- পারস্পরিক শ্রদ্ধা, বিশ্বাস ও সততার সহিত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করা।
- অংশীদার এবং প্রভাবিত সম্প্রদায়ের অধিকার, সাংস্কৃতিক বিশ্বাস, মূল্যবোধ এবং স্বার্থের প্রতি শ্রদ্ধা নিশ্চিত করা।
- সময়োপযোগী, উন্মুক্ত এবং কার্যকর পদ্ধতিতে কমিউনিটির উদ্বেগের প্রতি সাড়া দেওয়া।
- উপযুক্ত অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করে অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণকে উৎসাহিত এবং সমর্থন করা।
- উন্মুক্ত এবং অর্থপূর্ণ সংলাপের মাধ্যমে কমিউনিটির আস্থা, বিশ্বাস, মূল্যবোধ এবং মতামতকে সম্মান প্রদর্শন করা।

জাতীয় পর্যায়ের ইনসেপশন কর্মশালা ২৯ জানুয়ারী, ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়, যেখানে জাতীয় মনোনীত কর্তৃপক্ষের (NDA) প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (MoEFCCC), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (NHA), গৃহায়ন ও ভবন গবেষণা ইনস্টিটিউট (HBRI), মৎস্য অধিদপ্তর (DoF), পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (WARPO), পানি উন্নয়ন বোর্ড (WDB), জনস্বাস্থ্য ও প্রকৌশল বিভাগ (DPHE), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (BFRI), পরিবেশ অধিদপ্তর (DoE),

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (BCCT), বিশ্ববিদ্যালয়, এনজিও এবং নাগরিক সমাজ সহ সংশ্লিষ্ট সরকারি মন্ত্রণালয় এবং বিভাগের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। তাছাড়া, PMU মে-জুলাই ২০২৪ সালে প্রায় ১৩টি উপজেলা বা জেলা-ভিত্তিক কর্মশালা পরিচালনা করে। এছাড়াও, ১৮ মে থেকে ১১ জুন ২০২৪ পর্যন্ত যশোর এবং কক্সবাজারে বাস্তবায়নকারী সংস্থা -এর কর্মীদের নিয়ে ছয়টি ব্যাচের ভিত্তি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এরপর বাস্তবায়নকারী সংস্থা (IE) নির্ধারিত ফর্ম (পরিশিষ্ট ২) ব্যবহার করে তথ্য সংগ্রহের পাশাপাশি পরিবেশগত ও সামাজিক প্রভাব এবং প্রশমন ব্যবস্থা খুঁজে বের করার জন্য প্রায় ৩০৫৭ টি অংশগ্রহণমূলক গ্রামীণ মূল্যায়ন (PRA) পরিচালনা করে। কমিউনিটি, শিক্ষক, ধর্মীয় নেতা, নারী প্রতিনিধি এবং ইউনিয়ন পরিষদের সদস্যদের মতো সুশীল সমাজ PRA-তে অংশগ্রহণ করে। তাছাড়া, বাস্তবায়নকারী সংস্থা পরিবার জরিপ এবং দল গঠন করে। অন্যদিকে, PMU জুলাই - সেপ্টেম্বর ২০২৪ সালের মধ্যে প্রায় ২৭ বার প্রকল্প এলাকা পরিদর্শন করে। সেই সময়ে, PMU কমিউনিটি, এনজিও প্রতিনিধি এবং প্রাসঙ্গিক সরকারি প্রতিষ্ঠানের সাথে পরামর্শ সভা পরিচালনা করে। পরামর্শ সভার মূল উদ্দেশ্যগুলি নীচে দেওয়া হল:

স্টেকহোল্ডারদের প্রকারভেদ	অংশগ্রহণমূলক পদ্ধতি	উদ্দেশ্য
স্থানীয় সরকার প্রতিষ্ঠান	মূল তথ্যদাতার সাক্ষাৎকার (KII)	প্রকল্পের হালনাগাদ তথ্য ভাগাভাগি করা; প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা এবং প্রভাব এবং প্রশমন ব্যবস্থা খুঁজে বের করা।
কমিউনিটি, সুশীল সমাজ, নারী প্রতিনিধি এবং ইউনিয়ন পরিষদের সদস্যরা	কমিউনিটি পরামর্শ (Community Consultation) সভা	প্রকল্পের কার্যক্রম সম্পর্কে জ্ঞান বৃদ্ধি করা এবং প্রকল্পের উপকারী এবং প্রতিকূল প্রভাব সম্পর্কে কমিউনিটির দৃষ্টিভঙ্গি বোঝা।
এনজিও প্রতিনিধিরা	মূল তথ্যদাতার সাক্ষাৎকার	তারা কোন চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছিল এবং কীভাবে তারা কাটিয়ে উঠেছে তা বোঝা; প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা এবং প্রভাব এবং প্রশমন ব্যবস্থা খুঁজে বের করা।

উপরোক্ত সভা থেকে কিছু প্রভাব নির্ধারণ করা হয়েছে। সভায় অংশগ্রহণকারী সকলেই মতামত দিয়েছেন যে এই কার্যক্রম বাস্তবায়নের নেতিবাচক দিকগুলি লাভজনক দিকগুলির তুলনায় নগণ্য। এছাড়াও, তারা উল্লেখ করেছেন যে নির্মাণের আগে এবং নির্মাণ পর্যায়ের সমস্ত সম্ভাব্য প্রভাব হ্রাস করা সম্ভব। পরিবেশগত ও সামাজিক কর্মপরিকল্পনা তৈরিতে এই পরামর্শ সভাগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

8.8। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRM):

8.8.১। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRM) কি?

অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থা (GRM) হলো একটি নিয়ন্ত্রিত ব্যবস্থা যা পিকেএসএফ, RHL প্রকল্পের মধ্যে জবাবদিহিতা, স্বচ্ছতা এবং প্রতিক্রিয়াশীলতা নিশ্চিত করার জন্য প্রণয়ন করা হয়েছে। অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থা (GRM)-এর মাধ্যমে, ব্যক্তি বা গোষ্ঠী কাজের মান, পরিষেবা, অধিকার, হয়রানিমূলক কার্যক্রম অথবা বাস্তবায়নকারী সংস্থা এবং তাদের কর্মীদের কর্মক্ষমতা সম্পর্কিত উদ্বেগগুলি রিপোর্ট করতে পারে।

8.8.২। কিভাবে অভিযোগ দাখিল করতে হবে?


অভিযোগকারী ব্যক্তি বা গোষ্ঠী প্রকল্প সংশ্লিষ্ট কোনো অভিযোগ প্রদান করতে চাইলে অভিযোগ গ্রহণ ফরমে (পরিশিষ্ট-০৩) লিখিত আকারে সিল করা খামের মাধ্যমে সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থার অফিসে অভিযোগ নিবন্ধন রেজিস্ট্রারে (পরিশিষ্ট-০৪) যথাযথভাবে লিপিবদ্ধ করাবে এবং এন্ট্রি রেফারেন্সসহ একটি রসিদ সংগ্রহ করবে। উল্লেখ্য, অভিযোগকারী ব্যক্তি যদি লিখিত আকারে অভিযোগ দাখিল করতে অক্ষম হন, সেক্ষেত্রে অভিযোগকারী সংস্থার যে কোনো কর্মকর্তা কিংবা অন্য কোনো ব্যক্তির সহায়তা গ্রহণ করতে পারেন।

এছাড়াও অভিযোগকারী স্বশরীরে উপস্থিত না থেকেও অন্য কোন মাধ্যমে যেমন: মৌখিক, মোবাইল, ইমেইল, অভিযোগ বক্স বা অন্যান্য মাধ্যমে অভিযোগ প্রদান করতে পারেন। এক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থার অভিযোগ প্রতিকার (GR) ফোকাল সঠিকভাবে অভিযোগ গ্রহণ করবেন এবং অভিযোগের যথাযথ নথি বজায় রাখার স্বার্থে অভিযোগ ফরম ও রেজিস্ট্রারে লিপিবদ্ধ করবেন।

8.8.৩। অভিযোগ দাখিল করার পর পরবর্তী পদক্ষেপগুলো কি হবে?

- ❑ অভিযোগ যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে উন্মুক্ত সভায়, নির্বাচিত/বাস্তবায়নকারী সংস্থা অভিযোগগুলি শুনতে এবং আলোচনা করতে এবং সমাধান করতে স্থানীয় অভিযোগ প্রতিকার (LGR) ফোকাল পয়েন্টকে সহায়তা করবে। অভিযোগকারী ব্যক্তি, যদি নারী হন, তাহলে জলবায়ু অভিযোজন দলের একজন নারী সদস্য তাকে শুনানিতে সহায়তা করবেন, এবং যদি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের হন, তাহলে একজন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রতিনিধি তাকে সহায়তা করবেন।
- ❑ প্রদানকৃত সমাধানে যদি অভিযোগকারী ব্যক্তি বা গোষ্ঠী সন্তুষ্ট না হয়, সেক্ষেত্রে সংস্থার নির্বাহী পরিচালক সমাধানে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।
- ❑ নির্বাহী পরিচালক কর্তৃক গৃহীত কোনও সিদ্ধান্ত যদি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের কাছে অগ্রহণযোগ্য হয় তাহলে বাস্তবায়নকারী সংস্থা পিকেএসএফ-এর RHL প্রকল্প সমন্বয়কারী বা কেন্দ্রীয় অভিযোগ প্রতিকার ফোকাল (CGR) পয়েন্টের কাছে অভিযোগগুলো প্রেরণ করবেন।

- ❑ বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রেরিত অমীমাংসিত অভিযোগগুলো পিকেএসএফ-এর কেন্দ্রীয় অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট কার্যালয়ে নিবন্ধিত হবে এবং ১৫ দিনের মধ্যে নিষ্পত্তি করতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।
- ❑ অভিযোগকারী ব্যক্তি বা গোষ্ঠী বাস্তবায়নকারী সংস্থার বিরুদ্ধে অভিযোগ করলে সরাসরি ফোকাল পয়েন্টের নিকট, পিকেএসএফ-এর প্রকল্প ব্যবস্থাপনার বিরুদ্ধে অভিযোগ করলে পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক-এর নিকট অথবা পিকেএসএফ-এর সাথে সম্পর্কিত কোনও সমস্যা থাকলে সরাসরি গ্রিন ক্লাইমেট ফান্ড (GCF) সচিবালয়ের ব্যবস্থাপনা কমিটির কাছে অভিযোগ দায়ের করতে পারবে।



8.8.8। অভিযোগ সম্পর্কিত কর্ম-কৌশল:

- ১। সিসিএজি মিটিং-এ অভিযোগ প্রতিকার ব্যবস্থা নিয়ে আলোচনা করতে হবে।
- ২। সদস্যদের সামাজিক ব্যবস্থাপনার গুরুত্ব সম্পর্কে অবহিত করতে হবে।
- ৩। অভিযোগ সংক্রান্ত সকল নথি প্রকল্প অফিসে সঠিকভাবে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।
- ৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRM) এর অনুশীলন নিশ্চিত করতে হবে।
- ৫। অভিযোগ যথাযথভাবে নিষ্পত্তির লক্ষ্যে প্রতিটি সিসিএজি দলে স্থানীয় অভিযোগ ফোকাল মনোনীত করতে হবে।
- ৬। প্রতিটি সিসিএজি দলে একটি করে অভিযোগ বক্স স্থাপন করতে হবে এবং স্থানীয় ফোকাল পয়েন্টের উপস্থিতিতে বক্স খোলে অভিযোগ আছে কিনা নিশ্চিত হতে হবে।



পঞ্চম অধ্যায়

প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি

৫.১। প্রশিক্ষণ: RHL প্রকল্পের সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থার প্রকল্প সমন্বয়কারী, ফোকাল পার্সন এবং পরিবেশ বিষয়ক মনোনীত ব্যক্তি বা সংস্থার অন্যান্য কর্মকর্তাগণ পরিবেশগত সমীক্ষা সম্পন্ন করার জন্য পিকেএসএফ আয়োজিত প্রশিক্ষণ কর্মশালা থেকে প্রশিক্ষণ গ্রহণ করবেন। মাঠ পর্যায়ে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১ অনুসারে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের শুরুতেই পরিবেশগত প্রভাব ও তার মান নির্ণয় করা প্রয়োজন। এজন্য সংস্থা হতে মাঠ পর্যায়ে ‘পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনার স্ক্রিনিং চেকলিস্ট (পরিশিষ্ট ২) ও প্রয়োজনে প্রাথমিক পরিবেশগত পরীক্ষা (IEE) সম্পন্ন করবেন। মাঠ পর্যায়ের কর্মকাণ্ডের সুষ্ঠু বাস্তবায়নের জন্য সংস্থাসমূহ হতে উপকারভোগী ও প্রকল্প সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের পরিবেশ ও সামাজিক সুরক্ষা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবেন। এ পর্যায়ে সংস্থা হতে প্রশিক্ষণের সময় প্রকল্পের কর্মকান্ড বাস্তবায়নের কারণে পরিবেশ অ সামাজিক সম্ভাব্য প্রভাব ও তা নিরসনের উপায় সম্পর্কে ধারণা দিবেন।

৫.২। পরিবেশ দূষণ, প্রভাব ও তার প্রতিকার সম্পর্কে ধারণা:

৫.২.১। পরিবেশ সম্পর্কে প্রাথমিক ধারণা: সাধারণ ভাবে আমাদের চারপাশে যা কিছু আছে তা নিয়েই আমাদের পরিবেশ। অর্থাৎ মানুষ, গাছ-পালা, পশুপাখি, নদ-নদী, পাহাড়-পর্বত, মাঠ-ঘাট ইত্যাদি সব কিছুই পরিবেশের অন্তর্ভুক্ত। পরিবেশ মূলত মাটি, পানি, বাতাস ও জীবমণ্ডল নিয়ে গঠিত।

৫.২.২। পরিবেশ দূষণ: পরিবেশ দূষণ বলতে পৃথিবী/ভূগৃষ্ঠের ভৌত এবং জৈবিক উপাদানসমূহের এমন কলুষিত হওয়াকে বোঝায়, যা পরিবেশের স্বাভাবিক প্রক্রিয়াসমূহের উপর ক্ষতিকর প্রভাব ফেলে। যেমন: পরিবেশের উপাদানগুলোর (যেমন- মাটি, পানি, বাতাস) স্বাভাবিক অবস্থা নষ্ট হয়ে যাওয়া, যা জীবজগতের জন্য ক্ষতিকর। এটি মানুষের বিভিন্ন কর্মকাণ্ড এবং প্রাকৃতিক কারণে হয়ে থাকে। দূষণের কারণে পরিবেশের ভারসাম্য নষ্ট হয় এবং মানুষের জীবনযাত্রাও ক্ষতিগ্রস্ত হয়। প্রাকৃতিক কিংবা মানবসৃষ্ট অর্থাৎ আমাদের দৈনন্দিন কাজকর্মের ফলে পরিবেশের যে ক্ষতিসাধন হয় তাই পরিবেশ দূষণ।

ক) মাটি দূষণ: আমাদের নিত্যদিনের কর্মকাণ্ডের ফলে উৎপন্ন ময়লা, আবর্জনা, পলিথিন, নানা রকমের প্যাকেট, কাপড়ের টুকরা, পানির বোতল ইত্যাদি সঠিকভাবে ব্যবস্থাপনা না করে যত্রতত্রভাবে নিকটস্থ জমিতে ফেলে দিলে সংশ্লিষ্ট জমি/মাটি দূষিত হয়ে পড়ে। সেখানে গাছপালা ধীরে ধীরে অনুর্বর হয়ে পড়ে। এছাড়াও, মাছ চাষ ও কৃষি কাজে অতিরিক্ত রাসায়নিক সার, বালাই নাশক, আগাছা নাশক ও কীটনাশকের ব্যবহারের ফলে মাটির উপকারী কীটপতঙ্গ ও অনুজীব মারা গেলে মাটির গুণগত নষ্ট হয়ে যায়। পচনশীল নয় এমন বর্জ্য, ময়লা আবর্জনা যেমন: পলিথিন ও প্লাস্টিক মাটিতে পুতে ফেললেও (ল্যান্ড ফিলিং) মাটি দূষিত হয়। পাশাপাশি কলকারখানার ময়লা আবর্জনা ও দূষিত পানি যত্রতত্রভাবে মাটিতে ফেলার কারণেও মাটি দূষণ হয়।

খ) **পানি দূষণ:** গৃহস্থলী ও পয়নিষ্কাশনের দূষিত পানি আশেপাশের বিভিন্ন জলাশয় যেমন: খাল, বিল, নদী বা পুকুরের সাথে সংযুক্ত করলে পানি দূষিত হয়। এছাড়াও, কৃষি কাজে অতিরিক্ত রাসায়নিক সার, বালাই নাশক, আগাছা নাশক ও কীটনাশকের ব্যবহার, যা বৃষ্টির পানির সাথে প্রবাহিত হয়ে খাল, বিল বা পুকুরের পানির দূষণ ঘটায়। গৃহপালিত পশুর বর্জ্য সরাসরি জলাশয়ে ফেলার মাধ্যমে পানি দূষিত হয়। পাশাপাশি, কলকারখানার ময়লা আবর্জনা ও দূষিত পানি সরাসরি নদী, খাল, পুকুর বা পানিতে ফেলার কারণে পানি দূষিত হয়। পানি দূষিত হলে তা ব্যবহার করলে নানা রকমের পানিবাহিত রোগবালাই ছড়ায় যেমন: ডায়েরিয়া, টাইফয়েড, কলেরা ইত্যাদি। মাছ শিকারের জন্য নদী, খাল আ পুকুরে বিষ প্রয়োগ করার মাধ্যমেও পানি দূষণ করা হয়, এতে করে জলাশয়ের মাছও আক্রান্ত হয়। মাছের মৃত্যুর পাশাপাশি এসব বিষাক্ত মাছ খেয়েও নানা রকম রোগ হয়, বিশেষ করে শিশুরা আক্রান্ত হয় বেশি। তাদের মস্তিষ্কের গঠনে বাধাগ্রস্ত হয়। খাবার বা গৃহস্থলীর কাজের জন্য নির্দিষ্ট/সংরক্ষিত পুকুরের পানিতে গরু-হাগল গোসল করানো, কাপড় ধোঁয়া ও মলমূত্র মিশ্রিত করা।

গ) **বায়ু দূষণ:** আমাদের নিত্যদিনের বিভিন্ন কাজের মাধ্যমে আমরা বায়ু দূষণ করছি। পরিবহণ, জ্বালানী ও আবর্জনার দহন থেকে গ্যাস ও ধূলিকণা বাতাসে ছড়িয়ে পড়লে সেখানে বায়ু দূষিত হয়। নির্মাণ কাজের সময়ে নির্মাণ সামগ্রী যেমন: ইট, বালু, সিমেন্ট ইত্যাদি খোলা অবস্থায় রাখার ফলে ধুলোবালি আশেপাশে ছড়িয়ে পড়ে বায়ু দূষণ করে। এছাড়াও, কলকারখানার দূষিত বর্জ্য ও ধোঁয়া, ইট ভাটায় নির্গত কালো ধোঁয়া, গৃহস্থালী কাজে ব্যবহৃত সনাতন চুলা থেকে উৎপন্ন ধোঁয়া বাতাসে ছড়িয়ে পড়ে বায়ু দূষণ করে। বায়ু দূষণের ফলে স্থানীয় পর্যায়ে মানুষের হৃদরোগসহ ফুসফুসে নানা রকমের অসুখ হয়। এর ফলে অন্তঃসত্ত্বা মায়েদের সন্তানের বৃদ্ধি কমে যায়। বায়ু দূষণের ফলে যে যে রোগ হয় নিউমোনিয়া তার মধ্যে অন্যতম।

ঘ) **শব্দ দূষণ:** কর্মক্ষেত্রে উচ্চশব্দ যেমন: উন্মুক্ত মেশিনারিজ ব্যবহার, যন্ত্রাংশের ঘর্ষণজনিত শব্দ, অতিরিক্ত কোলাহল ইত্যাদি শব্দ দূষণের জন্য দায়ী। এছাড়াও, উচ্চ শব্দে হর্ণ বাজানো, বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক অনুষ্ঠানে উচ্চশব্দের সাউন্ড সিস্টেম ব্যবহার, মাইকিং ইত্যাদিও শব্দ দূষণের অন্যতম কারণ। কলকারখানা ও নির্মাণ কাজের সৃষ্ট উচ্চ শব্দ অনেক সময় শ্রমিকদের জন্য অসহনীয় পর্যায়ে চলে যায়, যাতে করে শ্রমিকদের কাজের মনোযোগ বিনষ্ট হয় এবং মাথা ব্যথা ও হৃদরোগসহ দীর্ঘমেয়াদের বধিরতা সৃষ্টি হতে পারে।

৫.২.৩। পরিবেশ দূষণের প্রভাব:

- বিশুদ্ধ পানি ও পরিষ্কার বাতাসের অভাব হয়।
- মাটির গুণমান নষ্ট হয়ে ফসল উৎপাদন কমে যায়।
- বায়ু, পানি ও মাটি দূষিত হওয়ার কারণে বিভিন্ন রোগব্যাধি, যেমন - শ্বাসকষ্ট, চর্মরোগ, ডায়েরিয়া, টাইফয়েড, ক্যাম্পার ইত্যাদি বেশি দেখা দেয়।

- জীবজন্তু এবং পরিবেশের ব্যাপক ক্ষতি হয় - জীবজন্তুর আবাসস্থল নষ্ট হয় এবং পরিবেশের ভারসাম্যও নষ্ট হয়।
